# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 17, 1433 Bangla, September 01, 2026, Tuesday, No.238, 56th year

# H I G H L I G H T S

Government has approved National Pay Scale – Will be effective from first July 2026 and implemented in three phases. [BBC: 04]

Today is BNP's 48th founding anniversary – The Prime Minister has greeted party's leaders, activists and countrymen on the occasion. [R. Today: 18]

The President has urged BGB to take more effective measures to stop smuggling, drug trafficking, push-ins and border killings. [Jago FM: 11]

Health and Family Welfare Minister has stressed on raising awareness about harmful effects of tobacco and nicotine to protect future generation. [Jago FM: 15]

State Minister for LGRD and Cooperatives has instructed to strengthen field level coordination in administration, public welfare and development activities. [Jago FM: 13]

Election Commission has informed that current number of voters in country is 128,777,643. [BBC: 06]

High Court has upheld death sentence of Hitu Sheikh in case lodged over sensational rape and murder of eight year old Asiya in Magura. [BBC: 05]

US has provided $2.4 million to Bangladesh for health equipment to strengthen maternal, newborn and child health services across country. [R. Today: 17]

Bangladesh's Runa Khan has received Ramon Magsaysay Award, widely known as 'Nobel Prize of Asia'. [Jago FM: 12]

In Nepal, death toll in flash floods has risen to 903 with more than 4,000 people missing. [DW: 11]

| | | |
|---|---|---|
| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ভাদ্র ১৭, বাংলা ১৪৩৩, সেপ্টেম্বর ০১, ২০২৬, মঙ্গলবার, নং- ২৩৮, ৫৬তম বছর**

# শিরোনাম

জাতীয় বেতনস্কেল-২০২৬ অনুমোদন করেছে সরকার - গত পয়লা জুলাই থেকে কার্যকর - বাস্তবায়ন হবে তিন ধাপে। [বিবিসি: ০৪]

আজ বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী – এ উপলক্ষে দলের নেতা, কর্মী এবং দেশবাসীকে প্রধানমন্ত্রীর শুভেচ্ছা। [রে. টুডে: ১৮]

মাদক চোরাচালান, পুশ-ইন ও সীমান্ত হত্যা বন্ধে আরও কার্যকর ব্যবস্থা নিতে বিজিবিকে রাষ্ট্রপতির আহ্বান। [জাগো এফএম: ১১]

ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষা করতে তামাক ও নিকোটিনের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর গুরুত্বারোপ। [জাগো এফএম: ১৫]

প্রশাসন, জনকল্যাণ ও উন্নয়ন কর্মকাণ্ডে মাঠ পর্যায়ে সমন্বয়ের নির্দেশ এলজিআরডি ও সমবায় প্রতিমন্ত্রীর। [জাগো এফএম: ১৩]

আসন্ন স্থানীয় সরকার নির্বাচনকে সামনে রেখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন, ভোটার সংখ্যা ১২ কোটি ৮৭ লাখ ৭৭ হাজার ৬৪৩ জন। [বিবিসি: ০৬]

বহুল আলোচিত মাগুরার আট বছরের শিশু ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান আসামি হিটু শেখের মৃত্যুদণ্ডের সাজা বহাল রেখেছে আদালত। [বিবিসি: ০৫]

বাংলাদেশে মা, নবজাতক ও শিশু স্বাস্থ্য সেবা শক্তিশালী করতে ২৪ মিলিয়ন মার্কিন ডলার চিকিৎসা সরঞ্জাম ও উপকরণ দেবে যুক্তরাষ্ট্র। [রে. টুডে: ১৭]

'এশিয়ার নোবেল' হিসেবে পরিচিত র‍্যামন ম্যাগসাইসাই পুরস্কার পেয়েছেন বাংলাদেশের রুনা খান। [জাগো এফএম: ১২]

নেপালে আকস্মিক বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৯০৩, এখনো নিখোঁজ চার হাজারের বেশি মানুষ। [ডয়চে ভেলে: ১১]

# বিবিসি

## যুক্তরাষ্ট্রের বিশেষ দূতের দাবি, বোয়িং থেকে আরো বিমান কিনছে বাংলাদেশ

যুক্তরাষ্ট্র থেকে বিলিয়ন ডলার ব্যয় করে আরও বোয়িং উড়োজাহাজ কেনার বিষয়ে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া–বিষয়ক যুক্তরাষ্ট্রের বিশেষ দূত এবং ভারতে দেশটির রাষ্ট্রদূত সার্জিও গর সামাজিক মাধ্যমে দেওয়া পোস্ট নিয়ে তোলপাড় চলছে। ওই পোস্টে তিনি দাবি করেছেন যে, 'এই সপ্তাহেই কয়েক বিলিয়ন ডলার ব্যয় করে আরও বোয়িং উড়োজাহাজ কেনার অঙ্গীকার নিয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও বাংলাদেশের প্রধানমন্ত্রী আরেকটি দারুণ চুক্তি করেছেন'। রোববার সামাজিক মাধ্যম এক্স-এ তিনি ওই পোস্ট দিয়েছেন। এতে তিনি বলেছেন, প্রাথমিকভাবে বোয়িংয়ের যত অর্ডার দেওয়া হয়েছিল, সেটি উল্লেখযোগ্য বাড়বে। বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স গত ৩০ এপ্রিল ঢাকায় এক অনুষ্ঠানে এ সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষর করেছিল যুক্তরাষ্ট্রভিত্তিক উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের সাথে। তখন বোয়িং থেকে ১৪টি উড়োজাহাজ কেনার কথা জানানো হয়েছিল। এখন সেই সংখ্যা আরও বাড়ার ইঙ্গিত দিচ্ছে সার্জিও গর-এর এক্স-এ দেওয়া পোস্ট। যদিও বিমান বাংলাদেশের মুখপাত্র মহিউদ্দিন আহমেদ বিবিসি বাংলাকে বলেছেন, উড়োজাহাজ নিয়ে বিমানের সাথে বোয়িং-এর প্রকাশ্যে আনুষ্ঠানিক চুক্তি হয়েছে, যেখানে গোপন কিছু নেই। "এর সাথে যোগ করার মতো আর কোনো তথ্য আমাদের জানা নেই," ওই চুক্তির বাইরে আরও বোয়িং কেনা হচ্ছে কি-না কিংবা সার্জিও গর তার পোস্টে যা দাবি করেছেন, তা নিয়ে করা প্রশ্নের জবাবে বিবিসি বাংলাকে বলেছেন তিনি। এ বিষয়ে জানতে বিবিসির পক্ষ থেকে ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাসকে ই-মেইল করা হয়েছে। এর জবাবে তারা ধন্যবাদ জানিয়ে পাল্টা ই-মেইল পাঠালেও সার্জিও গর এর দাবি মতো চুক্তিটি কখন কোথায় হয়েছে, সে সম্পর্কে কোনো তথ্য তারা দেয়নি।

### পোস্টে সার্জিও গর যা বলেছেন

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক যুক্তরাষ্ট্রের বিশেষ দূত এবং ভারতে দেশটির রাষ্ট্রদূত সার্জিও গর ঢাকা সফরে এসে গত পহেলা আগস্ট প্রধানমন্ত্রী তারেক রহমানের সাথে সাক্ষাৎ করেছিলেন। তিনি ৩০ জুলাই থেকে পহেলা আগস্ট পর্যন্ত ঢাকা সফর করেছিলেন। ঢাকায় অবস্থানকালে তিনি পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমানের সাথেও বৈঠক করেছিলেন। এ সময় তিনি যুক্তরাষ্ট্র-বাংলাদেশের সম্পর্ককে প্রভাবিত করা রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে আলোচনা করেন বলে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছিল ঢাকার মার্কিন দূতাবাস। "এই সফর যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের মধ্যকার সম্পর্কের ব্যাপকতা ও গভীরতাকে তুলে ধরেছে," বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল। সামাজিক মাধ্যম এক্স-এ দেওয়া পোস্টে ভারতের যুক্তরাষ্ট্রের দায়িত্বে থাকা সার্জিও গর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ভূয়সী প্রশংসা করেছেন। তিনি লিখেছেন, "প্রেসিডেন্ট ট্রাম্প আমেরিকার ইতিহাসের কর্মসংস্থান সৃষ্টিকারী সর্বশ্রেষ্ঠ প্রেসিডেন্ট। তিনি লাখ লাখ উচ্চ-বেতনের কর্মসংস্থান সৃষ্টি করতে, ট্রিলিয়ন ডলারের বিনিয়োগ আকৃষ্ট করা এবং আমেরিকার অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে প্রতিদিন নিরলসভাবে কাজ করছেন।" এরপর মি. গর লিখেছেন, "এই সপ্তাহেই প্রেসিডেন্ট ট্রাম্প এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী আরেকটি অসাধারণ চুক্তি করেছেন। এর আওতায় বাংলাদেশ বিলিয়ন বিলিয়ন ডলার ব্যয় করে আরও বেশি বোয়িং বিমান কেনার প্রতিশ্রুতি দিয়েছে, যা তাদের প্রাথমিক ক্রয়াদেশের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বাড়িয়েছে।" "আমাদের প্রেসিডেন্ট আমেরিকা এবং আমাদের অংশীদারদের আবারও মহান করার-এর পথে এগিয়ে নিয়ে যাচ্ছেন," এমন মন্তব্য দিয়ে তিনি তার পোস্ট শেষ করেছেন। কিন্তু এই পোস্টে তিনি নতুন করে আরও বোয়িং বাংলাদেশ কিনতে যাচ্ছে বলে দাবি করলেও এর কোনো বিস্তারিত দেননি। কবে এই চুক্তি হয়েছে, সেটিও তিনি প্রকাশ করেননি।

### বোয়িং, এয়ারবাস ও বাংলাদেশ

বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স গত ৩০ এপ্রিল যুক্তরাষ্ট্রভিত্তিক উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের কাছ থেকে ১৪টি উড়োজাহাজ কেনার চুক্তিকে স্বাক্ষর করেছে। বিমান বাংলাদেশের এক বিজ্ঞপ্তিতে তখন জানানো হয়েছে, যে ১৪টি উড়োযান কেনা হবে, তার মধ্যে ১০টি ৭৮৭ ড্রিমলাইনার মডেলের। আর চারটি ৭৩৭ ম্যাক্স মডেলের উড়োজাহাজ। ওই সময় জানানো হয়েছিল যে, ১৪টি উড়োজাহাজের বাজারমূল্য প্রায় ৩ দশমিক ৭ বিলিয়ন মার্কিন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৪৫ হাজার কোটি টাকা। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে তখনকার বিমান পরিবহণমন্ত্রী আফরোজা খানম ও পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান, বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও কাইজার সোহেল আহমেদ বলেন, "জ্বালানি-সাশ্রয়ী ও প্রযুক্তিগতভাবে উন্নত এই নতুন উড়োজাহাজগুলো বিমানের বহরের আধুনিকায়ন ঘটাবে।" ডোনাল্ড ট্রাম্পের শুল্কের চাপ কমাতে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য ঘাটতি কমানোর উদ্যোগের অংশ হিসেবে বিগত অন্তর্বর্তী সরকারের সময়ে বোয়িংয়ের বিমান কেনার আলোচনা সামনে আসে। এর মধ্যে ইউরোপীয় উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান এয়ারবাস বাংলাদেশকে আরও ১০টি উড়োজাহাজ সরবরাহের প্রস্তাব দিয়ে রেখেছে। তাদের প্রস্তাবে ছয়টি এ৩৫০-৯০০ ওয়াইডবডি এবং চারটি এ৩২১ নিও ন্যারোবডি উড়োজাহাজ বিক্রির কথা বলা হয়েছে। এ নিয়ে আলোচনার জন্য জুলাইয়ের মাঝামাঝি বাংলাদেশ সফর করে তখনকার মন্ত্রী ও প্রতিমন্ত্রীর সাথে বৈঠক করে গেছেন ইউরোপীয় ইউনিয়ন এবং কয়েকটি ইউরোপীয় দেশের রাষ্ট্রদূতেরা। পরে মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা

হয়েছিল, "বৈঠকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহর সম্প্রসারণের অংশ হিসেবে এয়ারবাস উড়োজাহাজ যুক্ত করার বিষয়েও বিস্তারিত আলোচনা হয়। এ সময় মন্ত্রী দেশীয় স্বার্থ অক্ষুণ্ণ রেখে টেকসই মিশ্র বহর গঠনের লক্ষ্যে এয়ারবাস থেকে উড়োজাহাজ কেনার বিষয়ে সরকারের আগ্রহের কথা তুলে ধরেন।" এর আগে, আওয়ামী লীগ সরকারের সময়েও এয়ারবাসের সাথে উড়োজাহাজ কেনার বিষয়ে বাংলাদেশের আলোচনা হয়েছিল। চলতি বছরের এপ্রিলে বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত জ্যঁ-মার্ক সেরে-শার্লি তখনকার বেসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রীর সাথে সাক্ষাৎ করে বাংলাদেশের বিমান বহরের সাথে এয়ারবাসের অংশীদারিত্ব নিয়ে আলোচনা করেছিলেন। তখন ফরাসি দূতাবাস এক বিজ্ঞপ্তিতে রাষ্ট্রদূতকে উদ্ধৃত করে বলেছিল, "এয়ারবাসের সঙ্গে এই অংশীদারিত্ব শুধু বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরের সক্ষমতা বাড়াবে না, বরং বাংলাদেশের সামগ্রিক বিমান চলাচল খাতকেও শক্তিশালী করবে।"

**বিমানের বহরে যা আছে, পরিকল্পনা কী**

বাংলাদেশের কর্মকর্তারা বলছেন, বর্তমানে বিমানের বহরে ১৯টি উড়োজাহাজ রয়েছে। এছাড়া ২০২৭ সালের মধ্যে আরও দশটি উড়োজাহাজ ভাড়া বা লিজ নেওয়ার উদ্যোগ নিয়েছে বিমান। বিমানমন্ত্রী রশিদুজ্জামান মিল্লাত গত ২৩ আগস্ট এক অনুষ্ঠানে বলেছেন, ডিসেম্বরের মধ্যেই এ নিয়ে তিনি চুক্তি স্বাক্ষর করতে চান। বাংলাদেশের বেসামরিক বিমান পরিবহণ মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা জানিয়েছেন, আরো কিছু বিমান কেনার পরিকল্পনা রয়েছে মন্ত্রণালয়ের। তবে চুক্তি হওয়া না হওয়ার বিষয়ে কিছু জানাতে পারেননি। এর আগে, চলতি বছরের জুনে জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে তখনকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রী আফরোজা খান রিতা জানিয়েছিলেন যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ২০৩৫ সালের মধ্যে বহরের উড়োজাহাজ সংখ্যা ৪৭টিতে উন্নীত করার পরিকল্পনা নিয়েছে। এই লক্ষ্যেই ইতোমধ্যে ১৪টি উড়োজাহাজ কেনার জন্য মার্কিন বিমান নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের সঙ্গে চুক্তি সই করা হয়েছে বলে জানিয়েছেন তিনি। মন্ত্রী জানিয়েছিলেন যে, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের 'ফ্লিট এক্সপ্যানশন প্ল্যান ২০২৬-২০৩৫' অনুযায়ী ২০৩৫ সালে সংস্থাটির বহরে মোট ৪৭টি উড়োজাহাজ প্রয়োজন হবে। এ লক্ষ্য অর্জনে ১৪টি নতুন উড়োজাহাজ কেনার জন্য বোয়িং কোম্পানির সঙ্গে চুক্তি হয়েছে। পাশাপাশি বিমানের টেকসই উন্নয়ন নিশ্চিত করতে মিশ্র বহর (মিক্সড ফ্লিট) গঠনের অংশ হিসেবে আরও উড়োজাহাজ সংযোজনের বিষয়টি বিবেচনায় রয়েছে বলে জানিয়েছিলেন মন্ত্রী। গত ১৬ জুলাই বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেছিলেন, "আমাদের বোয়িংও দরকার, এয়ারবাসও দরকার। আমরা দুটোই ক্রয় করব।
(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## নতুন পে-স্কেলে কোন গ্রেডে কত বেতন বাড়ল?

বাংলাদেশে সরকারি চাকরিজীবীদের জন্য নবম পে-স্কেল অনুমোদন করেছে মন্ত্রিসভা। সেখানে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য ১০০ শতাংশ থেকে শুরু সর্বোচ্চ ১৪২ শতাংশ পর্যন্ত বেতন বাড়িয়ে দুই অর্থবছরে তিন ধাপে এই পে-স্কেল বাস্তবায়নের সিদ্ধান্ত নিয়েছে সরকার। সরকারি চাকরিতে আগের মতোই ২০টি গ্রেড থাকছে। সর্বনিম্ন স্তর ২০তম গ্রেডের মূল বেতন আট হাজার ২৫০ টাকা থেকে বাড়িয়ে ২০ হাজার টাকা করা হয়েছে। অর্থাৎ এই গ্রেডে ১৪২ শতাংশ বেতন বাড়ানো হয়েছে। এই গ্রেড ধরা হয়েছে ২০,০০০-৪৮৪০০ টাকা পর্যন্ত। অর্থাৎ যিনি এই গ্রেডে সরকারি চাকরিতে যোগদান করবেন, তার মূল বেতন হবে ২০ হাজার টাকা। পরে তা ধাপে ধাপে বৃদ্ধি পেয়ে সর্বোচ্চ ৪৮,৪০০ টাকা হতে পারে। আর সরকারি চাকরির সর্বোচ্চ স্তর প্রথম গ্রেডের বেতন ৭৮ হাজার টাকা থেকে বাড়িয়ে এক লাখ ৫৬ হাজার টাকা (সর্বোচ্চ নির্ধারিত) হয়েছে। এই বেতন কাঠামোর সাথে মিল রেখে বিচার বিভাগের জন্য ও সশস্ত্র বাহিনীর জন্য আলাদা বেতন কাঠামোর অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সোমবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে মন্ত্রিসভার এক বৈঠকে এই নবম পে-স্কেল অনুমোদন করা হয়। এই বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পরে পিআইডির সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি বলেন, "বাংলাদেশ সরকারের চাকরিতে ২০টা গ্রেড আছে। প্রথম গ্রেডে ১০০ শতাংশ বাড়ানো হয়েছে। ১১তম গ্রেড পর্যন্ত একশো শতাংশ পর্যন্ত বেতন বৃদ্ধি হয়েছে।" তিনি জানান, এবারই প্রথমবারের মতো প্রতিবন্ধী সন্তান ভাতা চালু হতে যাচ্ছে। যার আওতায় মাসে তিন হাজার টাকা ভাতা দেওয়া হবে। এর আগে, পঞ্চম গ্রেডের সরকারি চাকরিজীবীরা শুধু মোবাইল বিলের ভাতা পেতেন। তবে, এই পে-স্কেল অনুযায়ী, সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীরা এই ভাতা পাবেন।

**নবম পে-স্কেলে কোন গ্রেডে কত বেতন ?**

বাংলাদেশে সর্বশেষ সরকারি চাকরিজীবীদের জন্য পে-স্কেল ঘোষণা করা হয়েছিল ২০১৫ সালে। অর্থাৎ বর্তমান অষ্টম পে-স্কেলের একই কাঠামোতে ১১ বছর ধরে সরকারি চাকরিজীবীরা বেতন-ভাতা পাচ্ছেন। অষ্টম বেতন কমিশনের প্রায় এক যুগ পর ২০২৫ সালের ২৭ জুলাই অন্তর্বর্তী সরকার ২৩ সদস্যবিশিষ্ট নবম জাতীয় বেতন কমিশন গঠন করে। এই বছরের ২১ জানুয়ারি ওই কমিশন সাবেক প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের কাছে প্রতিবেদন দাখিল করে। বর্তমান সরকারের অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী গত ১১ জুনের বাজেট বক্তৃতায় পহেলা জুলাই থেকে ধাপে ধাপে নতুন পে-স্কেল বাস্তবায়ন করা হবে বলে ঘোষণা দিয়েছিলেন। মূলত মূল্যস্ফীতি, বাজেটের ওপর চাপ কমানো, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যকার যুদ্ধের কারণে সৃষ্ট অর্থনৈতিক চাপ সামলানোর মধ্যে গ্রহণযোগ্য ভারসাম্য আনতে সরকার

এই নবম পে-স্কেল দুই বছরে ধাপে ধাপে বাস্তবায়ন করার সিদ্ধান্ত নিয়েছে। বর্তমানে দেশে প্রায় ১৪ লাখ সরকারি চাকরিজীবী এবং প্রায় নয় লাখ পেনশনভোগী রয়েছে। তাদের জন্য বছরে প্রায় এক লাখ ৩১ হাজার কোটি টাকা ব্যয় হচ্ছে। সরকারি চাকরিজীবীদের বহুল অপেক্ষার পর সোমবার মন্ত্রিপরিষদ বিভাগ নবম পে-স্কেলটি অনুমোদন করেছে। এরপর প্রজ্ঞাপন জারি করা হবে। এই পে-স্কেল অনুযায়ী, প্রথম গ্রেডের একজন সরকারি চাকরিজীবীর বেতন এক লাখ ৫৬ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে। দ্বিতীয় গ্রেডে মূল বেতন এক লাখ ৩২ হাজার টাকা থেকে এক লাখ ৫৩ হাজার টাকা এবং তৃতীয় গ্রেডে এক লাখ ১৩ হাজার থেকে এক লাখ ৪৮ হাজার ৮০০ টাকা বেতন হবে সরকারি চাকরিজীবীদের। নবম পে-স্কেলে একজন সরকারি চাকরিজীবীর চতুর্থ গ্রেডের বেতন এক লাখ টাকা থেকে সর্বোচ্চ এক লাখ ৪২ হাজার ৪০০ টাকা। পঞ্চম গ্রেডের একজন সরকারি চাকরিজীবীর মূল বেতন ৮৬ হাজার টাকা থেকে এক লাখ ৩৯ হাজার ৭০০ টাকা। মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি জানান, সরকার দুই অর্থবছরে পর্যায়ক্রমে তিন ধাপে বেতন স্কেল বাস্তবায়নের সিদ্ধান্ত নিয়েছে। "জাতীয় বেতনস্কেল ২০২৬ এর আওতায় পহেলা জুলাই ২০২৬ থেকে পহেলা জুলাই ২০২৭ এর মধ্যে মূল বেতন মোট তিনটি ধাপে বাস্তবায়ন করা হবে এবং ভাতাসমূহ পহেলা জানুয়ারি ২০২৮ থেকে একযোগে কার্যকর হবে। পেনশনভোগীদের ক্ষেত্রেও অনুরূপ ধাপভিত্তিক নিট পেনশন বৃদ্ধি কার্যকর হবে" বলেন মি. গণি। এছাড়া নবম পে-স্কেলের ষষ্ঠ গ্রেডের মূল বেতন ৭১ হাজার টাকা থেকে ধাপে ধাপে বেড়ে এক লাখ ৩৪ হাজার টাকা হবে। আর সপ্তম গ্রেডের একজন সরকারি চাকরিজীবীর বেতন হচ্ছে ৫৮ হাজার টাকা থেকে সর্বোচ্চ এক লাখ ২৬ হাজার ৮০০ টাকা। অষ্টম গ্রেডে মূল বেতন ৪৬ হাজার টাকা থেকে সর্বোচ্চ এক লাখ ১০ হাজার ৮০০ টাকা এবং নবম গ্রেডে ৪৪ হাজার টাকা থেকে সর্বোচ্চ এক লাখ পাঁচ হাজার ৯০০ টাকা হয়েছে। ঢাকার একজন সরকারি চাকরিজীবী জানান, নির্দিষ্ট একটি গ্রেডের মূল বেতন থেকে প্রতি বছর ধাপে ধাপে বেতন বেড়ে বা ইনক্রিমেন্ট হয়ে ওই গ্রেডের সর্বোচ্চ বেতন পান একজন চাকরিজীবী। ওই গ্রেডে যত বছর পর্যন্ত তিনি চাকরি করবেন প্রতি বছর বেতন বেড়ে ওই গ্রেডের সর্বোচ্চ বেতন পাবেন। দশম গ্রেডের মূল বেতন ৩২ হাজার টাকা থেকে ৭৭ হাজার ৩০০ টাকা এবং ১১তম গ্রেডে ২৫ হাজার টাকা থেকে ৬০ হাজার ৫০০ টাকা হয়েছে নবম পে-স্কেলে।

মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি সংবাদ সম্মেলনে জানান, ১১তম গ্রেড পর্যন্তই বেতন একশো শতাংশ বাড়ানো হয়েছে। তবে পরবর্তী গ্রেড থেকে ধাপে ধাপে সর্বোচ্চ ১৪২ শতাংশ পর্যন্ত বেতন বাড়ছে সরকারি চাকরিজীবীদের। "পরবর্তী গ্রেডে বেতন বেড়েছে ১২তম গ্রেডে ১১৫ শতাংশ, ১৩ গ্রেডে ১১৮ শতাংশ, ১৪তম গ্রেডে ১৩০ শতাংশ, ১৫ তম এবং ১৬ তম গ্রেডে ১৩৫ শতাংশ, ১৭ গ্রেডে ১৩৮ শতাংশ, ১৮ গ্রেডে ১৩৯ শতাংশ, ১৯ গ্রেডে ১৪১ শতাংশ এবং ২০ তম গ্রেডে ১৪২ শতাংশ বৃদ্ধি পেয়েছে" বলেন মি. গণি। মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি জানান, "সরকার বেতনস্কেল বাস্তবায়নের ক্ষেত্রে স্বল্প আয় বিবেচনায় ১০ম থেকে ২০তম গ্রেডের কর্মচারীদের অগ্রাধিকার প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে।" নবম পে-স্কেলের ১২তম গ্রেডে বেতন ২৪ হাজার ৩০০ থেকে ৫৮ হাজার ৭০০ টাকা। এছাড়া ১৩তম গ্রেডে ২৪ হাজার টাকা থেকে ৫৮ হাজার টাকা এবং ১৪তম গ্রেডে ২৩ হাজার ৫০০ টাকা থেকে সর্বোচ্চ ৫৬ হাজার ৮০০ টাকা। ১৫তম গ্রেডের সরকারি চাকরিজীবীর মূল বেতন ২২ হাজার ৮০০ টাকা থেকে সর্বোচ্চ ৫৫ হাজার ২০০ টাকা এবং ১৬তম গ্রেডে ২১ হাজার ৯০০ টাকা থেকে সর্বোচ্চ ৫২ হাজার ৯০০ টাকা বেতন করা হয়েছে নবম পে-স্কেলে। এই স্কেল অনুযায়ী, ১৭তম গ্রেডে মূল বেতন ২১ হাজার ৪০০ টাকা থেকে ৫১ হাজার ৯০০ টাকা এবং ১৮তম গ্রেডে ২১ হাজার টাকা থেকে সর্বোচ্চ ৫০ হাজার ৯০০ টাকা বেতন হবে এই গ্রেডের একজন সরকারি চাকরিজীবীর। নবম পে-স্কেলে ১৯তম গ্রেডে একজন সরকারি চাকরিজীবীর মূল বেতন ২০ হাজার ৫০০ টাকা থেকে সর্বোচ্চ ৪৯ হাজার ৬০০ টাকা। আর সরকারি চাকরির সর্বনিম্ন গ্রেড, ২০তম গ্রেডের মূল বেতন ২০ হাজার টাকা থেকে সর্বোচ্চ ৪৮ হাজার ৪০০ টাকা হয়েছে নবম পে-স্কেলে। মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি জানান, প্রায় দেড়শোর ওপরে পেনশনভোগী আছেন যারা আগে কেবল মূল বেতনই পেনশন পেতেন সেটিতেও সামঞ্জস্য আনা হচ্ছে। "পেনশনধারীর জীবন-যাত্রার মান ও বৃদ্ধ বয়সের আর্থিক নিরাপত্তা বিবেচনায় নিয়ে স্ল্যাবভিত্তিক নিট পেনশনের পরিমাণ উল্লেখযোগ্য হারে পরিবর্তনের সিদ্ধান্ত হয়েছে। এই সিদ্ধান্ত অনুযায়ী, নিট পেনশন ১০০ শতাংশ বৃদ্ধি করা হয়েছে। যারা মাসে নয় হাজার টাকা পেতেন, তারা এখন মাসে ১৮ হাজার টাকা পাবেন," বলেন নাসিমুল গণি। এছাড়াও যারা মাসিক নয় হাজার এক টাকা থেকে বিশ হাজার টাকা পেনশন পাচ্ছিলেন, তারা এখন থেকে ৭৫ শতাংশ পেনশন বাড়িয়েছে সরকার। "অর্থাৎ, বিশ হাজার এক টাকা থেকে ৩০ হাজার টাকা পর্যন্ত আহরণকারীর ক্ষেত্রে ৬৫ শতাংশ এবং ত্রিশ হাজার এক টাকা থেকে ৪০ হাজার এক টাকা পর্যন্ত আহরণকারীর ক্ষেত্রে ৬০ শতাংশ এবং ৪০ হাজার টাকা বা তদূর্দ্ধ পেনশন আহরণকারীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ পেনশন বৃদ্ধি পাবে" বলে জানান মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গণি।

তবে, ২০৩০ সালে গিয়ে সবাই একই হারে এক গ্রেড এক পেনশন পদ্ধতিতে পেনশন পাবেন বলে আশাবাদ প্রকাশ করেন মন্ত্রিপরিষদ সচিব। একইসঙ্গে, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের বেতনস্কেলও পহেলা জুলাই থেকে ধাপে ধাপে কার্যকর হবে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। পাশাপাশি এই বেতন স্কেলের সাথে মিল রেখে সশস্ত্র বাহিনীর জন্য আলাদা বেতন কাঠামোর অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। তিনি বলেন, "নতুন বেতনস্কেল বাস্তবায়নের ফলে প্রায় ২৪ লাখ সামরিক ও অসামরিক কর্মচারী এবং সোয়া নয় লাখ অবসরপ্রাপ্ত কর্মচারী ও অন্যান্য যোগ্য সুবিধাভোগী উপকৃত হবেন।" (বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## মাগুরার আট বছরের শিশু ধর্ষণ ও হত্যা মামলায় হিটু শেখের মৃত্যুদণ্ড বহাল

বহুল আলোচিত মাগুরার আট বছরের শিশু ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান আসামি হিটু শেখের মৃত্যুদণ্ডের সাজা বহাল রেখেছেন আদালত। মামলার ডেথ রেফারেন্স ও আপিলের শুনানি নিয়ে সোমবার বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় ঘোষণা করেন। হিটু শেখ ধর্ষণের শিকার আট বছর বয়সি শিশুটির বোনের শ্বশুর। ২০২৫ সালের মার্চে মাগুরায় বোনের শ্বশুরবাড়ি বেড়াতে গিয়ে শিশুটি ধর্ষণ ও যৌন নিপীড়নের শিকার হয়। গুরুতর আহত এবং অচেতন অবস্থায় হাসপাতালে আটদিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতাল সিএমএইচে ১৩ মার্চ শিশুটি মারা যায়। এ ঘটনায় দেশব্যাপী নিন্দা ও প্রতিবাদের ঝড় উঠেছিল সেসময়। শিশুটির মায়ের দায়ের করা ধর্ষণ ও হত্যা মামলায় প্রধান আসামি হিটু শেখকে ২০২৫ সালের ১৭ মে মৃত্যুদণ্ড দেয় মাগুরার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল। সে রায়ে মামলার বাকি তিন আসামি শিশুটির বোনের জামাতা, জামাতার ভাই এবং তাদের মাকে খালাস দেওয়া হয়। চলতি বছরের ১০ জুন নারী ও শিশু নির্যাতন দমন আইন-সংক্রান্ত ডেথ রেফারেন্স, আপিল ও বিবিধ বিষয় হাইকোর্টে অগ্রাধিকারের ভিত্তিতে শুনতে হাইকোর্টের একটি বেঞ্চ গঠন করে দেন প্রধান বিচারপতি। অগ্রাধিকারের ভিত্তিতে শুনতে গঠিত ওই বেঞ্চে মাগুরার আলোচিত শিশুধর্ষণ ও হত্যা মামলার শুনানি শুরু হয় ১১ আগস্ট।

### কী হয়েছিলো তখন

২০২৫ সালের মার্চ মাসে মাগুরার শ্রীপুর উপজেলার জারিয়া গ্রামে বোনের শ্বশুর বাড়িতে গিয়ে ধর্ষণ ও যৌন নির্যাতনের শিকার হয় আট বছরের শিশু আছিয়া। পুলিশ ও পরিবারের সদস্যরা জানিয়েছেন, ৬ মার্চ শিশুটিকে অচেতন অবস্থায় মাগুরা আড়াইশ শয্যা হাসপাতালে নিয়ে আসেন এক নারী। হাসপাতালে চিকিৎসকেরা পরীক্ষা নিরীক্ষা করে শিশুটির গলায় দাগ ও শরীরে বেশ কিছু জায়গায় আঁচড় দেখতে পান। চিকিৎসকদের উদ্ধৃত করে পুলিশ তখন জানায়, শিশুটির যৌনাঙ্গে রক্তক্ষরণ হচ্ছিলো। গুরুতর অবস্থায় শিশুটিকে ঢাকায় আনার পর চিকিৎসকরা জানান যে, তার শারীরিক অবস্থা 'ক্রিটিক্যাল'। ৭ মার্চ রাত থেকে শিশুটিকে লাইফ সাপোর্টে দেওয়া হয়। প্রায় আটদিন মৃত্যুর সঙ্গে লড়াই করার পর ১৩ মার্চ ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতাল সিএমএইচে তার মৃত্যু হয়। ওইদিন সন্ধ্যায় তার মরদেহ সামরিক হেলিকপ্টারে করে ঢাকার সিএমএইচ থেকে সরাসরি মাগুরায় নেওয়া হয়। এ ঘটনা সারাদেশে ব্যাপক আলোচনা ও ক্ষোভের জন্ম দিয়েছিল। সেসময় প্রধান রাজনৈতিক দলগুলোসহ নানা মতের মানুষ শিশুটির বাড়িতে গিয়ে তার বাবা-মাকে সান্ত্বনা দিয়েছিল, কেউ কেউ সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছিল।

### 'ধর্ষকের' ফাঁসির দাবি ছিল এলাকাবাসীর

ওই ঘটনায় গত বছরের আটই মার্চ আট বছরের শিশুটির মা মাগুরা সদর থানায় চার জনের বিরুদ্ধে ধর্ষণ ও হত্যাচেষ্টার মামলা করেন। মামলায় শিশুটির বোনের স্বামী, শ্বশুর, শাশুড়ি ও ভাশুরকে আসামি করা হয়েছিল। তবে তারা আগে থেকেই পুলিশের হেফাজতে ছিলেন। কিন্তু মামলার পর তাদেরকে গ্রেফতার দেখিয়ে আদালতে তুলে ভিন্ন ভিন্ন মেয়াদে রিমান্ডে নেয় পুলিশ। মামলার অগ্রগতি বিষয়ে মাগুরা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আইয়ুব আলী তখন বিবিসিকে বলেন, "গ্রেফতারকৃতদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।" নিহত শিশুটির বাবা মস্তিষ্কের সমস্যায় ভুগছেন। নিহত শিশুটি ছাড়া তার আরো দুইটি মেয়ে আর এক ছেলে রয়েছে। শিশুটির বড়ো বোনকেই শুধু বিয়ে দেওয়া হয়েছিল, বাকিরা ছোটো। পরিবারে উপার্জনক্ষম ব্যক্তি না থাকায় এখন তাদের মা-ই কোনোভাবে সংসারের খরচ চালান। শিশুটির মৃত্যুর পর ২০২৫ সালের ১৩ মার্চ রাতেই ধর্ষণের অভিযোগে করা মামলার আসামিদের বাড়িতে, যা তার বোনেরও শ্বশুর বাড়ি, অগ্নিসংযোগ ও ভাঙচুর চালায় এলাকাবাসী। এ সময় তারা "আমাদের এলাকায়, ধর্ষকের ঠাঁই নাই" স্লোগান দিয়ে ধর্ষকদের ফাঁসি দাবি করে। স্থানীয়রা সেসময় বলেছিলেন, "এ এলাকায় অতীতে এমন ঘটনা ঘটেনি। এটি আমাদের অসম্মানীত করেছে। এখানে ধর্ষকের কোনো ঠাঁই হবে না।" পরে ২০২৫ সালের ১৭ মে এই ধর্ষণ ও হত্যা মামলার প্রধান আসামি শিশুটির বোনের শ্বশুর হিটু শেখকে মৃত্যুদণ্ড দিয়েছিলেন আদালত। কিন্তু রায় ঘোষণার পর এক বছর পার হওয়ার পরেও বিচারিক প্রক্রিয়ায় আটকে ছিল অপরাধীর শাস্তি।

(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রংপুরের চার খুন মামলার দুই আসামির ডোপ টেস্টে মাদকের অস্তিত্ব মেলেনি, পুলিশ কী বলছে?

রংপুরের অবসরপ্রাপ্ত স্কুলশিক্ষক গণপতি চক্রবর্তীসহ তার পরিবারের চার সদস্যের হত্যা মামলায় আটককৃত দুইজন আসামির ডোপ টেস্টে মাদকের উপস্থিতি মেলেনি। ওই হত্যা মামলায় আটক দুইজন আসামি মুগ্ধ দাস ও সিদ্ধার্থ দাসের ডোপ টেস্টের জন্য নমুনা রোববার রংপুরের জেলগেট থেকে সংগ্রহ করা হয়। সোমবার ডোপ টেস্টে তাদের শরীরে মাদকের অস্তিত্ব পাওয়া যায়নি বলে বিবিসি বাংলাকে জানিয়েছে পুলিশ। রংপুর মহানগর ডিবির উপ-পুলিশ কমিশনার সনাতন চক্রবর্তী বিবিসি বাংলাকে বলেন, "রিপোর্টে ওই দুইজনের শরীরে মাদকের কোনো অস্তিত্ব নেই বলে উল্লেখ করা হয়েছে।" তিনি বলেন, "এটা আট নয়দিন আগের ঘটনা। এতদিন পর এসে মূত্রের পরীক্ষা করা হলে মাদকের অস্তিত্ব পাওয়া যাবে না, এটাই স্বাভাবিক। আগে করালে হয়ত রেজাল্ট ভিন্ন হতো।" মি. চক্রবর্তী বলেন, এই ধরনের মাদকের ক্ষেত্রে শুধুমাত্র ইউরিন টেস্ট করে সঠিক ফলাফল পাওয়া যাবে না। এজন্য রক্তসহ অন্যান্য পরীক্ষা করতে হয়। এখন যদি বিজ্ঞ আদালত দেশে বা দেশের বাইরে টেস্ট করাতে বলে প্রয়োজনে আলোচনা করে সেটা করা

হবে।" এর আগে, ওই দুই আসামিকে আটকের পর পুলিশের পক্ষ থেকে আগে বলা হয়েছিল, চারজনকে হত্যার আগে দুইজন আসামি মাদক সেবন করেছিলেন। ২২ আগস্ট রাতে রংপুরের দাসপাড়া মাছুয়াপাড়া এলাকা থেকে জেলা স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক গণপতি চক্রবর্তী ও তার পরিবারের চার সদস্যের মরদেহ উদ্ধার করে পুলিশ।
(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## স্থানীয় সরকার নির্বাচনে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে ইসি

শিগ্গিরই ধাপে ধাপে অনুষ্ঠিত হতে যাচ্ছে স্থানীয় সরকার নির্বাচন। এই নির্বাচনকে সামনে রেখে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশন সচিব আখতার আহমেদ সোমবার নির্বাচন ভবনে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করেন। চূড়ান্ত ভোটার তালিকায় ভোটার দাঁড়িয়েছে ১২ কোটি ৮৭ লাখ ৭৭ হাজার ৬৪৩ জন। শুধুমাত্র এই ভোটাররাই আগামী স্থানীয় সরকার নির্বাচনে ভোট দিতে পারবেন। ইসি সচিব জানান, ৩১ জুলাই পর্যন্ত যাদের বয়স ১৮ হয়েছে, তাদের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। সব মিলিয়ে ভোটার দাঁড়াচ্ছে ১২ কোটি ৮৭ লাখ ৭৭ হাজার ৬৪৩ জন। চূড়ান্ত তালিকায় মোট ভোটারের মধ্যে পুরুষ ছয় কোটি ৫৫ লাখ ১০ হাজার ৬৬৫ জন, নারী ছয় কোটি ৩২ লাখ ৬৫ হাজার ৭১১ জন এবং হিজড়া ভোটার ১ হাজার ২৬৭ জন। গত ১৪ মে প্রকাশিত ভোটার তালিকায় দেশে মোট ভোটার ছিল ১২ কোটি ৮৩ লাখ ২৩ হাজার ২৪০ জন। এরপর স্থানীয় সরকার নির্বাচন সামনে রেখে ৩১ জুলাই পর্যন্ত নতুন ভোটার হওয়ার সুযোগ দেওয়া হয়।(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## দেশে হামের উপসর্গ নিয়ে একদিনে ছয় জনের মৃত্যু

দেশে গত একদিনে হামের উপসর্গ নিয়ে ছয় জনের মৃত্যুর তথ্য দিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এ সময়ে ৯৪ জনের শরীরে হাম শনাক্ত হয়েছে। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের হিসাব অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সারাদেশে হাম ও উপসর্গ নিয়ে মোট প্রাণ গেছে ৯৭৩ জনের। এর মধ্যে নিশ্চিতভাবে হাম আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ৯৯ জনের। এ ছাড়া হামের উপসর্গ নিয়ে ৮৭৪ জন প্রাণ হারিয়েছে। গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত সারাদেশে হাম ও উপসর্গ নিয়ে মোট প্রাণ গেছে ৯৭৩ জনের। এর মধ্যে নিশ্চিতভাবে হাম আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে ৯৯ জনের। এ ছাড়া হামের উপসর্গ নিয়ে ৮৭৪ জন প্রাণ হারিয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে বলা হয়েছে, অনুযায়ী, গেল ২৪ ঘণ্টায় আরও এক হাজার ১৬২ জন হামের উপসর্গ নিয়ে দেশের বিভিন্ন হাসপাতালে এসেছে। তাদের মধ্যে ভর্তি হয়েছে এক হাজার ৯৮ জন।
(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## স্বর্ণ ছিনতাইয়ের ঘটনায় বিমানবন্দর থানা ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদক বহিষ্কার

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এলাকায় প্রবাসীর কাছ থেকে স্বর্ণ ছিনতাইয়ের ঘটনায় বিমানবন্দর থানা ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদককে দল থেকে বহিষ্কার করা হয়েছে। সোমবার ছাত্রদল ঢাকা মহানগর উত্তরের পক্ষ থেকে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। এতে বলা হয়, সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তাদেরকে বহিষ্কার করা হয়েছে। এর আগে, স্বর্ণালঙ্কার ছিনতাইয়ের অভিযোগের এক মামলায় বিমানবন্দর থানা ছাত্রদলের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ তিনজনকে গ্রেফতার করে পুলিশ। বিমানবন্দর থানায় গত ২৯ আগস্ট আটক ছাত্রদল নেতাসহ কয়েকজনের নামে মামলা দায়ের করেন মো. সুমন নামের এক ব্যক্তি। মামলার এজাহারে তিনি জানান, তার বড়ো ভাই মালয়েশিয়াপ্রবাসী। গত ২৮ আগস্ট তিনি বোনের বিয়ে ও পরিবারের ব্যবহারের জন্য মালয়েশিয়া থেকে ২০০ গ্রাম স্বর্ণালংকার পাঠান। পরবর্তী সময়ে তিনি তার বন্ধুকে নিয়ে বিমানবন্দর থেকে বড়ো ভাইয়ের পরিচিত লোকের কাছ থেকে তা গ্রহণ করেন। সেখান থেকে মাইক্রোবাসে করে যাওয়ার সময় ওই আসামিরা স্বর্ণালঙ্কার ছিনতাই করেন বলেও অভিযোগ করা হয় মামলার এজহারে। ওই ঘটনার পর অভিযান চালিয়ে ছাত্রদলের ওই দুইজন নেতাসহ কয়েকজনকে আটক করে পুলিশ।
(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## মরদেহ নিয়ে হিমশিম খাচ্ছে নেপালি কর্তৃপক্ষ

নেপালের আকস্মিক বন্যায় এখন পর্যন্ত ৯০০-এরও বেশি মৃত্যুর খবর নিশ্চিত করেছে নেপালি কর্তৃপক্ষ। এর মধ্যে অনেকেরই মৃতদেহ শনাক্ত করা যায়নি। যে কারণে মৃতদেহগুলো পরিবারের কাছে হস্তান্তর করা সম্ভব হচ্ছে না। নেপালের কর্মকর্তারা জানিয়েছেন, আকস্মিক এই বন্যার পর উদ্ধার হওয়া ৯০০টিরও বেশি মৃতদেহের মধ্যে এখন পর্যন্ত মাত্র প্রায় চার শতাংশ মরদেহ শনাক্ত করা সম্ভব হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্য অনুযায়ী, ৭৯৬টি মৃতদেহের মধ্যে মাত্র ৩৭টি শনাক্ত করা হয়েছে। রোববার সন্ধ্যার পরিসংখ্যান উপস্থাপন করে স্বাস্থ্য মন্ত্রণালয়ের উপ-মুখপাত্র ডা. সমীর কুমার অধিকারী এ কথা জানান। কর্তৃপক্ষ বলছে, যে মৃতদেহগুলো অক্ষত ও শনাক্তযোগ্য ছিল, সেগুলো আত্মীয়স্বজনরা শনাক্ত করে নিয়ে গেছেন। আর যে মৃতদেহগুলো শনাক্ত করা সম্ভব হচ্ছে না সেগুলো আপাতত সৎকার করা হবে। বাকিগুলো নেপালের কর্মকর্তারা জানিয়েছেন, বন্যার প্রথম বা দ্বিতীয় দিন পর্যন্ত কিছু অক্ষত মৃতদেহ পাওয়া গেলেও, দিন বাড়ার সাথে সাথে পচনশীল মৃতদেহের পরিমাণ বাড়ছে। ফলে কর্তৃপক্ষ মনে করছে সেগুলো এখন আর

ডিএনএ নমুনা ছাড়া শনাক্ত করা সম্ভব না। যে কারণে যে মৃতদেহগুলোতে পচন ধরে শনাক্ত করা সম্ভব হচ্ছে না, সেগুলো অস্থায়ীভাবে সৎকারের কাজ শুরু হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ আলী আহমেদ)

## রেডিও তেহরান

### আমেরিকার আল মিনহাদ ঘাঁটিতে ইরানের হামলা; সুপার ট্যাংকারে আগুন

ইসলামি প্রজাতন্ত্র ইরানের সেনাবাহিনী সংযুক্ত আরব আমিরাতের 'আল মিনহাদ' ঘাঁটিতে অবস্থানরত মার্কিন হেলিকপ্টার বহর ও সেনাদের অবস্থানস্থলে ড্রোন হামলা চালিয়েছে। পার্সটুডে'র প্রতিবেদনে বলা হয়েছে, আগ্রাসী শত্রুর সাম্প্রতিক হামলার জবাবে ইসলামি প্রজাতন্ত্র ইরানের সেনাবাহিনী আজ সোমবার ভোরে সংযুক্ত আরব আমিরাতের 'আল মিনহাদ' ঘাঁটিতে এই হামলা চালায়। এদিকে, ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) জানিয়েছে, একটি মার্কিন এমকিউ-নাইন ড্রোন হরমুজ প্রণালির আকাশসীমায় আঘাতপ্রাপ্ত হয়ে পারস্য উপসাগরের পানিতে বিধ্বস্ত হয়েছে। অন্যদিকে, ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর নৌ ইউনিট জানিয়েছে, দুটি নৌমাইনের আঘাতে একটি সুপার ট্যাংকারে আগুন ধরে গেছে। সুপার ট্যাংকারটি নিয়ম অমান্য করে প্রণালি অতিক্রমের চেষ্টা করেছিল।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ নারগীস)

### আমরা যুদ্ধের কারণে সৃষ্ট পরিস্থিতিতে জনগণের অধিকার রক্ষা করতে চাই : আরাকচি

সাংহাই সহযোগিতা সংস্থার সদস্য দেশগুলোর শীর্ষ সম্মেলনে অংশগ্রহণের বিষয়ে ইরানের লক্ষ্য সম্পর্কে ইরানের পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, প্রথমত আমরা যুদ্ধ এবং সাম্প্রতিক সংঘাতের পরিপ্রেক্ষিতে জনগণের অধিকার রক্ষা করতে চাই। ইরানি ব্রডকাস্টিং এজেন্সিকে উদ্ধৃত করে পার্সটুডে জানিয়েছে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী সাইয়্যেদ আব্বাস আরাকচি বলেছেন, এটা স্বাভাবিক যে আমরা প্রথমে যুদ্ধ এবং সাম্প্রতিক সংঘাতের পরিপ্রেক্ষিতে জনগণের অধিকার বাস্তবায়ন করতে চাই। তিনি আরও বলেন, যাই হোক, এই অঞ্চলটি উত্তাল এবং সাংহাই সহযোগিতা সংস্থার সদস্য রাষ্ট্রগুলোকে অবশ্যই এ বিষয়ে অবহিত থাকতে হবে এবং এর মোকাবিলায় সঠিক ও ঐক্যবদ্ধ অবস্থান গ্রহণ করতে হবে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ৩১.০৮.২০২৬ নারগীস)

## এনএইচকে

### হরমুজ প্রণালির একটি দ্বীপে ইরানের রকেট লঞ্চারে মার্কিন হামলা

মার্কিন বাহিনী হরমুজ প্রণালির কাছে লারাক দ্বীপে ইরানের দুটি রকেট উৎক্ষেপণ ব্যবস্থা লক্ষ্য করে হামলা চালিয়েছে। একজন মার্কিন কর্মকর্তা এনএইচকে-কে জানিয়েছেন যে, হামলাটি রবিবার চালানো হয়। ওই কর্মকর্তা জানান, ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ড কর্পস বা আইআরজিসিকে জলপথে সমুদ্র মাইনযুক্ত রকেট উৎক্ষেপণের প্রস্তুতি নিতে দেখা যায়। গত সপ্তাহে মার্কিন সেন্ট্রাল কমান্ডের অধিনায়ক অ্যাডমিরাল ব্র্যাড কুপার ঘোষণা করেন যে, মার্কিন সেনারা প্রণালির আন্তর্জাতিক নৌ পরিবহণ পথগুলো থেকে আইআরজিসি স্থাপন করা সামুদ্রিক মাইন সরিয়ে নেওয়ার কাজ শেষ করেছে। হামলার পর আইআরজিসি এক বিবৃতিতে জানায়, এতে বেশ কয়েকজন সেনা ও নাগরিক নিহত বা আহত হয়েছেন। এই হামলার পালটা জবাব ও শাস্তি দেওয়া হবে বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।
(এনএইচকে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশের বিভিন্ন স্থানে হাসপাতালেও লোডশেডিং

লোডশেডিংয়ের কারণে চট্টগ্রামের পটিয়া, লক্ষ্মীপুরের রায়পুরসহ বাংলাদেশের বিভিন্ন এলাকার হাসপাতালে ব্যাহত হচ্ছে চিকিৎসা। বেশি ভোগান্তি হচ্ছে মা ও শিশুদের। দেশের ১টি জেলা সদর ও ১৩টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঘুরে এবং রোগী, স্বজন ও চিকিৎসক-স্বাস্থ্যকর্মীদের সঙ্গে কথা বলে চিকিৎসাসেবায় বিদ্যুৎ-সংকটের এমন চিত্র তুলে ধরেছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো। খুলনা, খাগড়াছড়ি, নীলফামারী, লক্ষ্মীপুর, নোয়াখালী, পটিয়া, চট্টগ্রাম, বেড়া, পাবনা, মতলব দক্ষিণ, চাঁদপুর, বাগমারা, রাজশাহী, তারাগঞ্জ, রংপুর, জুড়ী, মৌলভীবাজার ও সখীপুরে তথ্য সংগ্রহ করে তৈরি প্রতিবেদনের শুরুতেই তুলে ধরা হয় শিশু হাফছা জাহানের কথা। নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে গত শনিবার চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছে হাফছা। শ্বাসকষ্ট কমাতে দিনে একাধিকবার নেবুলাইজার দেওয়ার কথা; কিন্তু হাসপাতালে বিদ্যুৎ না থাকায় ঠিকমতো চিকিৎসা দেওয়া যাচ্ছে না। মাথার ওপরের পাখাটিও বন্ধ। গরমে শ্বাসকষ্ট আরও বাড়ছে। অসুস্থ মেয়েকে কোলে নিয়ে কখন বিদ্যুৎ আসবে, সেই অপেক্ষায় রয়েছেন মা কামরুন নাহার। এই চিত্র গতকাল রোববারের। পটিয়ায় নিউমোনিয়ায় আক্রান্ত দেড় বছরের মোফাছিরকে দিনে ছয়বার নেবুলাইজার দেওয়ার কথা থাকলেও, শনিবার দেওয়া গেছে মাত্র তিনবার। রায়পুরে নিউমোনিয়ায় আক্রান্ত চার বছরের শিশু মিনু আক্তারের দিনে চারবার নেবুলাইজার প্রয়োজন; কিন্তু বিদ্যুৎ না থাকায় নিয়মিত দেওয়া যাচ্ছে না। উপজেলা পর্যায়ের হাসপাতালগুলোতে লোডশেডিংয়ের কারণে অন্যান্য চিকিৎসাসেবাও ব্যাহত হচ্ছে। বিদ্যুৎ চলে গেলে কোথাও নেবুলাইজার, কোথাও এক্স-রে ও ইসিজি বন্ধ থাকছে। এমনকি প্যাথলজি পরীক্ষাও থেমে যাচ্ছে। কোনো কোনো হাসপাতালে অস্ত্রোপচারের মাঝখানে বিদ্যুৎ চলে যাওয়ায় জেনারেটর চালু করতে হচ্ছে। আবার জেনারেটর থাকলেও কোথাও জ্বালানি নেই। ফলে চিকিৎসার জন্য হাসপাতালে এসে রোগী ও স্বজনদের অপেক্ষা

করতে হচ্ছে- কখন বিদ্যুৎ আসবে। আবার বিদ্যুৎহীন সময়ে রোগী ও স্বজনদের সময় কাটাতে হচ্ছে অসহনীয় গরমের মধ্যে। গত শনিবার ও গতকাল দেশের ১টি জেলা সদর ও ১৩টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ঘুরে এবং রোগী, স্বজন ও চিকিৎসক-স্বাস্থ্যকর্মীদের সঙ্গে কথা বলে চিকিৎসাসেবায় বিদ্যুৎ-সংকটের এমন চিত্র পাওয়া গেছে। গ্যাসের সংকটের পাশাপাশি এক মাসের বেশি সময় ধরে বিদ্যুতের সংকটও চলছে বাংলাদেশে। মাঝেমধ্যে বৃষ্টি হলে লোডশেডিংয়ের মাত্রা কমে, গরম পড়লে বেড়ে যায়। শুরুতে লোডশেডিংয়ের পুরোটাই ছিল ঢাকার বাইরে। ১২ আগস্ট রাত থেকে সরকারি নির্দেশনায় ঢাকাতেও লোডশেডিং করা হচ্ছে। প্রতিদিন ঢাকার কোনো একটি এলাকায় একবার এক ঘণ্টা করে লোডশেডিং করার কথা থাকলেও, সেটি মানা হচ্ছে না। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) ও বিদ্যুৎ সঞ্চালন কোম্পানি পাওয়ার গ্রিড পিএলসির (পিজিসিবি) তথ্য বলছে, জ্বালানির অভাবে চাহিদামতো বিদ্যুৎ উৎপাদন করা যাচ্ছে না। এর প্রভাব এখন পৌঁছে গেছে উপজেলা পর্যায়ের হাসপাতালগুলোতেও।

**অস্ত্রোপচারও ব্যাহত**

রাজশাহীর বাগমারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সপ্তাহখানেক আগে সিজারিয়ান অস্ত্রোপচার চলছিল। অস্ত্রোপচার শুরু হওয়ার পরই লোডশেডিং। হঠাৎ অন্ধকার নেমে এলে রোগী ও স্বজনদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। শেষ পর্যন্ত মুঠোফোনের আলো জ্বালিয়ে এবং দ্রুত তেল কিনে জেনারেটর চালু করে অস্ত্রোপচার শেষ করতে হয়। ৫০ শয্যার এই হাসপাতালে প্রতিদিন বহির্বিভাগে বিপুলসংখ্যক রোগী চিকিৎসা নেন। গতকাল সরেজমিনে দেখা গেছে, লোডশেডিংয়ের কারণে এক্স-রে, ল্যাবরেটরি ও ইসিজি সেবাও ব্যাহত হচ্ছে। বাগমারা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শংকর কুমার বিশ্বাস বলেন, বিদ্যুৎ ছাড়া পরীক্ষা-নিরীক্ষাসহ হাসপাতালের যাবতীয় কার্যক্রম স্থবির হয়ে পড়ে। এমনকি অস্ত্রোপচার শুরুর পরও অনেক সময় বিদ্যুৎ চলে যায়, যা অত্যন্ত ঝুঁকি তৈরি করে। একটি জেনারেটর মেরামত করা হলেও, প্রয়োজনীয় জ্বালানি বরাদ্দ না থাকায় তা নিয়মিত সচল রাখা সম্ভব হচ্ছে না। নীলফামারী জেনারেল হাসপাতালেও অস্ত্রোপচারের সময় বিদ্যুৎ চলে যাওয়ার ঘটনা ঘটছে। গত শনিবার সকাল থেকে হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখা যায়, বিদ্যুৎ-বিভ্রাটের কারণে রোগীদের পরীক্ষা-নিরীক্ষা, অস্ত্রোপচার ও রোগী ভর্তির কার্যক্রমে ভোগান্তি হচ্ছে। বেলা ১টার দিকে অস্ত্রোপচার কক্ষের সামনে ছিল রোগীর স্বজনদের ভিড়। তখন শাপলা বেগম নামের এক নারীকে সিজারের জন্য ওটিতে নেওয়া হয়। অস্ত্রোপচার শুরুর প্রায় ১৫ মিনিট পর বিদ্যুৎ চলে যায়। তখন শাপলা বেগমের কন্যাসন্তান জন্ম নেয়। শিশুটিকে ওটি থেকে বের করে আনা হলেও, তখনও মায়ের অস্ত্রোপচার শেষ হয়নি, সেলাই চলছিল। কিছুক্ষণ পর জেনারেটর চালু করে বাকি কাজ শেষ করা হয়। অস্ত্রোপচার কক্ষের দায়িত্বে থাকা জ্যেষ্ঠ স্টাফ নার্স বৃষ্টি রায় বলেন, এখানে প্রতিদিন চার থেকে পাঁচটি সিজার করা হয়; কিন্তু বিদ্যুৎ সমস্যার কারণে এখন একটি বা দুটির বেশি করা যায় না। আজ (শনিবার) একটি করা হয়েছে। তিনি বলেন, এই হাসপাতালে অর্থোপেডিকস, নাক, কান, গলা (ইএনটি), সার্জারিসহ প্রতিদিন বিভিন্ন ধরনের পাঁচ-ছয়টি অস্ত্রোপচার করা হয়। লোডশেডিংয়ের কারণে এখন এসব অস্ত্রোপচারের সংখ্যা কমেছে। অস্ত্রোপচার কক্ষের ইনচার্জ বিধান চন্দ্র রায় বলেন, অস্ত্রোপচারের জন্য যে পরিবেশ দরকার, তা না থাকলে সমস্যা হয়। অস্ত্রোপচারের সময় বিদ্যুৎ চলে গেলে জেনারেটর চালাতে হয়। তখন এসি চালানো যায় না। এ অবস্থায় কর্তব্যরত চিকিৎসক বা নার্সের শরীরের ঘাম রোগীর কাটা স্থানে পড়লে সংক্রমণের ঝুঁকি থাকে।

**জেনারেটর আছে, তেল নেই**

বিদ্যুৎ চলে গেলে বিকল্প ব্যবস্থা হিসেবে জেনারেটর থাকার কথা; কিন্তু বিভিন্ন হাসপাতালে জেনারেটর থাকলেও জ্বালানি তেল থাকে না। চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একমাত্র জেনারেটর জ্বালানির অভাবে বন্ধ। এটি চালাতে প্রতিদিন ১৫ থেকে ২০ লিটার তেল প্রয়োজন; কিন্তু ওই তেল কেনার জন্য অর্থ বরাদ্দ নেই। মতলব দক্ষিণ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক চিকিৎসক রাজিব কিশোর বণিক বলেন, হাসপাতালে কয়েক দিন ধরে দীর্ঘ সময় বিদ্যুৎ থাকে না। চলে ঘন ঘন লোডশেডিং। ব্যাহত হচ্ছে এক্স-রে, ইসিজি ও নেবুলাইজেশন কার্যক্রম। বিদ্যুতের অভাবে হাসপাতালের সার্বিক চিকিৎসাসেবা বিঘ্নিত হচ্ছে। লক্ষ্মীপুরের রায়পুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও জেনারেটর রয়েছে; কিন্তু ডিজেলের বরাদ্দ না থাকায় প্রয়োজনের সময় চালানো যাচ্ছে না। আবার অনেক হাসপাতালে জেনারেটরেরও ব্যবস্থা নেই। যেমন পাবনার বেড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জেনারেটর না থাকায় বিদ্যুৎ চলে গেলে রোগী ও স্বজনদের দুর্ভোগ বেড়ে যায়। প্যাথলজি বিভাগের ইনচার্জ গোলাম সরোয়ার বলেন, বিদ্যুৎ চলে গেলে পরীক্ষা-নিরীক্ষার কাজ বন্ধ রাখতে হয়। রোগীদের অপেক্ষা করাতে হয়। মৌলভীবাজারের কুলাউড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রাতে বিদ্যুৎ চলে গেলে মোমবাতি জ্বালাতে হয়। চিকিৎসকেরা মুঠোফোনের টর্চের আলোয় ওয়ার্ডে রোগী দেখেন। জুড়ী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি বেসরকারি সংস্থার দেওয়া আইপিএস আছে। সেটি দিয়ে রাতে দুটি ওয়ার্ডে একটি করে বাল্ব জ্বালানো যায়।

**এক্স-রে করাতে যেতে হয় বাইরে**

বিদ্যুৎ-বিভ্রাটের সবচেয়ে সরাসরি প্রভাব পড়ছে পরীক্ষা-নিরীক্ষায়। টাঙ্গাইলের সখীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে লোডশেডিংয়ের সঙ্গে কম ভোল্টেজের কারণে এক্স-রে মেশিন মাঝেমধ্যে অচল হয়ে পড়ছে। গত শনিবার হাসপাতালে গিয়ে দেখা যায়, গড়গোবিন্দপুর গ্রামের রফিকুল ইসলাম মোটরসাইকেল দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে এসেছেন;

কিন্তু এক্স-রে মেশিন চালু না থাকায় বেসরকারি ক্লিনিকে গিয়ে ৫০০ টাকা দিয়ে পরীক্ষা করাতে হয়েছে। সরকারি হাসপাতালে পরীক্ষা করাতে তাঁর খরচ হতো ৫৫ টাকা। সখীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এক্স-রে বিভাগের মেডিকেল টেকনোলজিস্ট এস এম আমিরুল ইসলাম মোমেন বলেন, লোডশেডিংয়ের পাশাপাশি কম ভোল্টেজ থাকায় এক্স-রে মেশিন মাঝেমধ্যে অচল হয়ে যাচ্ছে। লক্ষ্মীপুরের রায়পুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গতকাল রোববার হাতের আঙুল ভেঙে যাওয়ায় এক্স-রে করাতে এসেছিলেন কামরুল ইসলাম। প্রায় এক ঘণ্টা অপেক্ষা করেও বিদ্যুৎ না আসায় পরীক্ষা না করিয়েই তাকে ফিরে যেতে হয়। তিনি বলেন, 'রায়পুরের চরবংশী থেকে হাসপাতালে এসেছি এক্স-রে করানোর জন্য। এক ঘণ্টা অপেক্ষা করেছি। কখন বিদ্যুৎ আসবে, তার কোনো নিশ্চয়তা নেই। তাই বাধ্য হয়ে ফিরে যাচ্ছি।' গতকাল খাগড়াছড়ির মানিকছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে দেখা যায়, সেখানে লো-ভোল্টেজের কারণে এক্স-রে সেবা অধিকাংশ সময় বন্ধ থাকছে। চিকিৎসকের পরামর্শে রোগীদের বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে যেতে হচ্ছে। চাঁদপুরের মতলব দক্ষিণ স্বাস্থ্য কমপ্লেক্সে অসুস্থ বৃদ্ধ মায়ের এক্স-রে করাতে এসে গতকাল দুই ঘণ্টা অপেক্ষা করেছিলেন দক্ষিণ উপজেলা সদরের বাসিন্দা আবদুল ওয়াদুদ। পরে তাকে পাশের বেসরকারি হাসপাতালে যাওয়ার সিদ্ধান্ত নিতে হয়।

**গরমে স্বস্তি দেয় হাতপাখা**

লোডশেডিং শুধু যন্ত্রপাতি বন্ধ করছে না, হাসপাতালে ভর্তি রোগীদের স্বাভাবিক জীবনও দুর্বিষহ করে তুলছে। গতকাল পাবনার বেড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে দেখা যায়, জ্বরে আক্রান্ত ১৮ বছরের ছেলে আশিক হোসেনের পাশে বসে একটানা হাতপাখা দিয়ে বাতাস করছিলেন তার মা আসমা খাতুন। তার ভাষায়, রাতে বারবার বিদ্যুৎ গেছে। গরমে তার ছেলেসহ অন্য রোগীরাও অস্থির হয়ে পড়েছে। ডায়রিয়ায় আক্রান্ত ৭০ বছরের আমজাদ হোসেনের স্ত্রী আলেয়া খাতুন বলেন, রাতে কয়েকবার বিদ্যুৎ যাওয়ায় স্বামী কষ্ট পেয়েছেন, তিনিও ঠিকমতো ঘুমাতে পারেননি। রংপুরের তারাগঞ্জের হাসপাতালে গত শনিবার সকাল সাড়ে সাতটা থেকে পরবর্তী ১২ ঘণ্টায় পাঁচ দফায় মোট ৪ ঘণ্টা ৪৫ মিনিট বিদ্যুৎ ছিল না। গত শনিবার তারাগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে কথা হয় শ্বাসকষ্টের রোগী শামীমা বেগমের সঙ্গে। তিনি জানান, হাসপাতালে তিনদিন ধরে ভর্তি। বিদ্যুৎ চলে গেলে তার শ্বাসকষ্ট আরও বেড়ে যায়। নেবুলাইজার চালানো যায় না। তাই হাতপাখা দিয়ে বাতাস করতে হয়। বিদ্যুৎ চলে গেলে দেড়-দুই ঘণ্টা পর্যন্ত আসে না।

**দীর্ঘ সময়ের লোডশেডিং**

মৌলভীবাজারের কুলাউড়া ও জুড়ী স্বাস্থ্য কমপ্লেক্সে রোগী ও স্বজনেরা জানান, দিন-রাতে ৮ থেকে ১২ ঘণ্টা পর্যন্ত বিদ্যুৎ থাকে না। গত শনিবার কুলাউড়া স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে কথা হয় রোগীর স্বজন পপি রানীর সঙ্গে। তিনি জানান, নিউমোনিয়ায় আক্রান্ত দুই বছরের সন্তানকে নিয়ে চারদিন ধরে হাসপাতালে ভর্তি। রাতে বিদ্যুৎ গেলে মোমবাতি জ্বালাতে হয়। লক্ষ্মীপুরের ছয় উপজেলায় দুই-তিন মাস ধরে লোডশেডিং বেড়েছে। লক্ষ্মীপুর পল্লী বিদ্যুৎ সমিতির মহাব্যবস্থাপক শফিউল আলম বলেন, চাহিদার তুলনায় প্রায় ৩০-৩৫ শতাংশ কম বিদ্যুৎ পাওয়া যাচ্ছে। পাবনার বেড়ায় পল্লী বিদ্যুতের হিসাবে দিনে প্রায় ৯ মেগাওয়াট ও রাতে ১২-১৩ মেগাওয়াট বিদ্যুতের চাহিদা রয়েছে। এর বিপরীতে দিনে ২৫-৩০ শতাংশ, রাতে ৩৫-৪০ শতাংশ ঘাটতি থাকছে বলে জানিয়েছেন পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২-এর বেড়া জোনাল কার্যালয়ের ডিজিএম উত্তম কুমার সাহা।

**যে কারণে কমছে বিদ্যুৎ উৎপাদন**

বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) ও বিদ্যুৎ সঞ্চালন কোম্পানি পাওয়ার গ্রিড পিএলসির (পিজিসিবি) তথ্য বলছে, জ্বালানির অভাবে চাহিদামতো বিদ্যুৎ উৎপাদন করা যাচ্ছে না। ফলে সাপ্তাহিক ছুটির মধ্যেও লোডশেডিং কমছে না। গত শনিবার সর্বোচ্চ লোডশেডিং হয়েছে বেলা তিনটায়, ৩ হাজার ৬১২ মেগাওয়াট। আগের দিন শুক্রবার সর্বোচ্চ লোডশেডিং ছিল রাত ১২টায় ৩ হাজার ২৪৪ মেগাওয়াট। দেশের সবচেয়ে বড়ো বিতরণ সংস্থা পল্লী বিদ্যুতায়ন বোর্ড (আরইবি) বলছে, শুক্রবার তাদের সর্বোচ্চ লোডশেডিং হয়েছে ২ হাজার ৬৭৩ মেগাওয়াট। ওই সময় ময়মনসিংহ অঞ্চলে বিদ্যুৎ ঘাটতি ছিল ৪৬ শতাংশ। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রনি)

## রংপুরে চার খুন; সিদ্ধার্থ-মুগ্ধর ডোপ টেস্টে মাদকের অস্তিত্ব মেলেনি

রংপুরে একই পরিবারের চারজনকে হত্যার ঘটনায় গ্রেফতার সিদ্ধার্থ দাস ও মুগ্ধ দাসের ডোপ টেস্টে মাদকের অস্তিত্ব মেলেনি। গতকাল রোববার কারাগারের ভেতর থেকে তাদের মূত্রের নমুনা সংগ্রহ করে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে পরীক্ষা করা হয়। আজ সোমবার দুপুরে ওই পরীক্ষার প্রতিবেদন হাতে পেয়েছে রংপুর মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ সম্পর্কে রংপুর মহানগর ডিবির উপ-পুলিশ কমিশনার সনাতন চক্রবর্তী আজ বেলা পৌনে ৩টার দিকে মুঠোফোনে প্রথম আলোকে বলেন, "আজ বেলা আড়াইটার দিকে সিদ্ধার্থ দাস ও মুগ্ধ দাসের ডোপ টেস্টের প্রতিবেদন হাতে পেয়েছি। প্রতিবেদনে তাদের শরীরে মাদকের কোনো অস্তিত্ব নেই বলে উল্লেখ করা হয়েছে।" সনাতন চক্রবর্তী জানান, ঘটনার আটদিন পর আসামিদের মূত্রের নমুনা পরীক্ষা করা হয়েছে। এতদিন পর মূত্রের পরীক্ষায় মাদকের অস্তিত্ব পাওয়া যায় না। দু-তিন দিনের মধ্যে পরীক্ষা করলে তা পাওয়া যেতো। সনাতন চক্রবর্তী বলেন, রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ডোপ টেস্টের জন্য মূত্র পরীক্ষা করা হয়। চুল বা রক্তের নমুনা পরীক্ষা করার সুযোগ

নেই। পুলিশের পক্ষ থেকে আগে বলা হয়েছিল, চারজনকে হত্যার আগে সিদ্ধার্থ ও মুগ্ধ মাদক সেবন করেছিলেন। আদালতে দেওয়া জবানবন্দিতেও তারা হত্যার আগে আট থেকে নয়টি ইয়াবা সেবনের কথা বলেছেন। ডোপ টেস্টে মাদক না পাওয়ার বিষয়টি ওই বক্তব্যের সঙ্গে সাংঘর্ষিক কি না- এমন প্রশ্নের জবাবে উপ-পুলিশ কমিশনার সনাতন চক্রবর্তী বলেন, "তদন্ত তো চলছেই। আমরা বসে নেই। পরবর্তী সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।" গতকাল রোববার রংপুর ডিবি পুলিশের সদস্যরা রংপুর মেডিকেল কলেজ হাসপাতালের একজন টেকনোলজিস্টকে সঙ্গে নিয়ে রংপুর কেন্দ্রীয় কারাগারে যান। সেখানে কারাগারের ভেতরেই সিদ্ধার্থ ও মুগ্ধর মূত্রের নমুনা সংগ্রহ করা হয়। তাদের কারাগারের বাইরে এনে ডোপ টেস্ট করা হলে হামলা বা মব তৈরির আশঙ্কা থাকায় কারাগারের ভেতর থেকেই নমুনা সংগ্রহ করা হয়েছিল বলে পুলিশ জানিয়েছে। সিদ্ধার্থ দাস ও মুগ্ধ দাস ওই চারজনকে হত্যার দায় স্বীকার করে আদালতে ফৌজদারি কার্যবিধির ১৬৪ ধারায় ইতোমধ্যে জবানবন্দি দিয়েছেন। তারা রংপুর কেন্দ্রীয় কারাগারে আছেন। ২২ আগস্ট রাতে রংপুর নগরের মাছুয়াপাড়া এলাকায় নিজ বাড়ি থেকে রংপুর জিলা স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক গণপতি চক্রবর্তী, তার স্ত্রী ও দুই সন্তানের মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় প্রতিবেশী সিদ্ধার্থ দাস ও মুগ্ধ দাসকে গ্রেফতার করা হয়। পুলিশের ভাষ্য, মাদক সেবনে বাধা দেওয়াকে কেন্দ্র করে ওই চারজনকে হত্যা করা হয়। ওই ঘটনায় গণপতি চক্রবর্তীর বড়ো ভাই গোপীনাথ চক্রবর্তী বাদী হয়ে রংপুর নগরের কোতোয়ালি থানায় অজ্ঞাতনামা আসামিদের বিরুদ্ধে হত্যা মামলা করেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রনি)

## আবার যুক্তরাষ্ট্রের হামলা, পাল্টা হামলা ইরানের

গতকাল রোববার রাতে হরমুজ প্রণালিতে ইরানের সামরিক স্থাপনায় হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র। এক মাসেরও বেশি সময়ের মধ্যে প্রথম এই হামলার পর জর্ডান ও সংযুক্ত আরব আমিরাতে যুক্তরাষ্ট্রের ঘাঁটিতে হামলা চালিয়েছে ইরান। বার্তা সংস্থা এএফপিকে পাঠানো এক বার্তায় যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর ক্যাপ্টেন টিম হকিন্স বলেন, "আজ দিনের শুরুর দিকে মার্কিন বাহিনী লারাক দ্বীপে ইরানের দুটি উৎক্ষেপণ যন্ত্রে আঘাত হেনেছে।" তিনি আরো বলেন, এ হামলার আগে "ইসলামিক রেভোল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)-র বাহিনীকে হরমুজ প্রণালিতে সমুদ্র-মাইনসহ রকেট উৎক্ষেপণের প্রস্তুতি নিতে দেখা গিয়েছিল।" ইরানের সংবাদমাধ্যমও লারাক দ্বীপের কাছে বিস্ফোরণের খবর প্রকাশ করেছে। গত সপ্তাহে যুক্তরাষ্ট্র জানিয়েছিল, হরমুজ প্রণালির আন্তর্জাতিক নৌ-চলাচল পথ থেকে ইরানের পাতা সমুদ্র-মাইন অপসারণের কাজ শেষ হয়েছে। রোববার লারাক দ্বীপে যুক্তরাষ্ট্রের এ হামলার পর এক বিবৃতিতে আইআরজিসি জানায়, এ হামলার "জবাব দেবে ইরানের সন্তানরা এবং এর ফলে আগ্রাসীকে শাস্তি পেতে হবে।" পরে এক বিবৃতিতে যুক্তরাষ্ট্রের হামলার জবাবে জর্ডানে যুক্তরাষ্ট্রের ঘাঁটি লক্ষ্য করে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপের খবর নিশ্চিত করে আইআরজিসি। বিবৃতিতে দাবি করা হয়, ক্ষেপণাস্ত্রের আঘাতে জর্ডানের কিং হুসেইন এবং আল-আজরাক ঘাঁটির ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। তবে জর্ডানের সেনাবাহিনীর দাবি, মোট আটটি ক্ষেপণাস্ত্র তাদের আকাশসীমায় প্রবেশ করেছিল এবং আটটিকেই তারা প্রতিহত করেছে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়, লারাক দ্বীপে চালানো হামলায় জর্ডানের মার্কিন ঘাঁটিগুলো ব্যবহার করা হয়েছে। হামলায় ইরানের সশস্ত্র বাহিনীর সদস্য ও বেসামরিক নাগরিকরা হতাহত হয়েছেন বলেও জানানো হয় বিবৃতিতে। সেনাবাহিনীকে উদ্ধৃত করে ইরানের রাষ্ট্রীয় টেলিভিশন জানায়, সংযুক্ত আরব আমিরাতের আল-মিনহাদ বিমান ঘাঁটিতেও হামলা চালানো হয়েছে। ড্রোন ব্যবহার করে চালানো সেই হামলার লক্ষ্যবস্তু ছিল মার্কিন বাহিনী ও হেলিকপ্টার।

### আগ্রাসনের অভিযোগ প্রত্যাখ্যান

এদিকে, রোববারের হামলাকে ইরান 'আগ্রাসন' বললেও তাদের এ অভিযোগ প্রত্যাখ্যান করেছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড। সামাজিক যোগাযোগমাধ্যমে তারা দাবি করেছে, "হরমুজ প্রণালিতে হুমকি সৃষ্টি করা আইআরজিসির মাইন-স্থাপনকারী বাহিনীর বিরুদ্ধে সীমিত ও সুনির্দিষ্ট পদক্ষেপ নিয়েছে মার্কিন বাহিনী।" সেখানে আরো বলা হয়, "মূলত ইরানই এই হুমকি সৃষ্টি করেছিল এবং বেসামরিক নাবিক, বাণিজ্যিক জাহাজ চলাচল ও বিশ্ববাণিজ্যের অবাধ প্রবাহ রক্ষার স্বার্থে মার্কিন সামরিক বাহিনী তা নির্মূল করেছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রনি)

## নেপালে বন্যা; মৃতের সংখ্যা বেড়ে ৯০৩, এখনো নিখোঁজ চার হাজারের বেশি মানুষ

নেপালের কর্তৃপক্ষ জানিয়েছে, আকস্মিক বন্যায় এ পর্যন্ত অন্তত ৯০৩ জনের মৃত্যুর বিষয়ে নিশ্চিত হওয়া গেছে। এখনো নিখোঁজ রয়েছেন অন্তত চার হাজার ২৪৭ জন। নিখোঁজদের মধ্যে ১১টি জলবিদ্যুৎ প্রকল্পের ৯৩৩ জন শ্রমিক রয়েছেন। উদ্ধারকাজ চলছে। নেপালে উদ্ধারকাজে যোগ দিয়েছেন প্রায় ২১ হাজার নিরাপত্তা কর্মী। আজ সোমবার নেপালের পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, বন্যাদুর্গত এলাকা থেকে এ পর্যন্ত ১০ হাজারেরও বেশি মানুষকে উদ্ধার করা হয়েছে। উদ্ধার করা মানুষদের মধ্যে ৩২৩ জন বিদেশি নাগরিকও রয়েছেন। তবে মন্ত্রণালয় আরো জানায়, ৩৯টি দেশের প্রায় ৫৯০ জন বিদেশি নাগরিককে এখনো খুঁজে পাওয়া যায়নি। এদিকে, চীনের অংশের বন্যাদুর্গত এলাকা সম্পর্কে কর্তৃপক্ষের দেয়া তথ্য অনুযায়ী, গিরং কাউন্টিতে এ পর্যন্ত অন্তত ১৬ জন নিহত হয়েছেন এবং ৫৪৬ জন এখনো নিখোঁজ হয়েছেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রনি)

# জাগো নিউজ

## চোরাচালান, মাদক ও সীমান্ত হত্যা বন্ধে ব্যবস্থা নিতে রাষ্ট্রপতির আহ্বান

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর সীমান্ত রক্ষার গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনে বর্ডার গার্ড বাংলাদেশের কাজের প্রশংসা করে বাহিনীকে চোরাচালান, মাদকপাচার, 'পুশ-ইন' ও সীমান্ত হত্যা বন্ধে আরও কার্যকর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন। দুপুরে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল মোহাম্মদ আশরাফুজ্জামান সিদ্দিকী সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। সাক্ষাৎকালে বিজিবি মহাপরিচালক রাষ্ট্রপতির দায়িত্বভার গ্রহণ করায় রাষ্ট্রপতিকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি এ সময় বাহিনীর সার্বিক কার্যক্রম এবং সীমান্তে নজরদারি বৃদ্ধিতে বাহিনীতে অত্যাধুনিক ড্রোন ও আধুনিক প্রযুক্তি সন্নিবেশের উদ্যোগ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, সীমান্তে চোরাচালান, মাদক ও মানবপাচার বন্ধে অতন্দ্র প্রহরী বিজিবির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি সীমান্ত সুরক্ষায় বাহিনীতে অত্যাধুনিক প্রযুক্তি সংযোজনে বিজিবির উদ্যোগের প্রশংসা করেন এবং এ বিষয়ে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশ-মালয়েশিয়ার প্রতিরক্ষা সহযোগিতা নিয়ে আলোচনা

প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলামের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত মালয়েশিয়ার হাইকমিশনার মোহাম্মদ সুহাদা বিন ওসমান সৌজন্য সাক্ষাৎ করেছেন। সোমবার (৩১ আগস্ট) ঢাকা সেনানিবাসে অবস্থিত সশস্ত্র বাহিনী বিভাগে প্রতিরক্ষা উপদেষ্টার কার্যালয়ে এই সাক্ষাৎকার হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, সাক্ষাৎকারে বাংলাদেশ ও মালয়েশিয়ার মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, প্রতিরক্ষা সহযোগিতা এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিশেষ করে দুই দেশের সশস্ত্র বাহিনীর মধ্যে পেশাগত দক্ষতা বৃদ্ধি, নিয়মিত যৌথ সামরিক প্রশিক্ষণ আয়োজন, বিশেষায়িত কোর্স ও প্রশিক্ষণ বিনিময় এবং সামগ্রিক সক্ষমতা বৃদ্ধির ওপর উভয়পক্ষ গুরুত্বারোপ করেন। আলোচনায় আধুনিক সামরিক প্রযুক্তি হস্তান্তর, তথ্য ও অভিজ্ঞতা বিনিময়, সামরিক সরঞ্জাম ও লজিস্টিকস সহায়তা এবং প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদন খাতে যৌথ অংশীদারত্বের সম্ভাবনা নিয়ে কথা হয়। সাক্ষাৎকালে মালয়েশিয়ার হাইকমিশনার জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ সশস্ত্র বাহিনীর অনন্য আত্মত্যাগ, উচ্চমানের শৃঙ্খলা ও পেশাদারত্বের ভূয়সী প্রশংসা করেন। তিনি উল্লেখ করেন, বৈশ্বিক শান্তি রক্ষায় বাংলাদেশের শান্তিরক্ষীদের অবদান আন্তর্জাতিক অঙ্গনে এক উজ্জ্বল দৃষ্টান্ত। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## এদেশের মানুষ কখনও স্বৈরাচারকে সমর্থন করেনি : স্পিকার

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, এদেশের মানুষ কখনও স্বৈরাচারকে সমর্থন করেনি, বাংলাদেশের জনগণ সবসময় গণতন্ত্রের পক্ষে থেকেছে এবং গণতন্ত্র প্রতিষ্ঠায় বারবার জীবন উৎসর্গ করেছে। সোমবার (৩১ আগস্ট) জাতীয় সংসদে স্পিকারের কার্যালয়ে ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) মহাসচিব অ্যান্ডা ফিলিপের নেতৃত্বাধীন প্রতিনিধিদলের সঙ্গে সাক্ষাৎ শেষে এ মন্তব্য করেন তিনি। স্পিকার বলেন, বাংলাদেশের জনগণ গণতন্ত্রকামী। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধেও গণতন্ত্র পুনরুদ্ধার ও নিজেদের অধিকার প্রতিষ্ঠার জন্য মানুষ আত্মোৎসর্গ করতে কুণ্ঠাবোধ করেনি। দেশের মানুষ কখনই স্বৈরাচারকে সমর্থন করেনি। মহান মুক্তিযুদ্ধে আমাদের বিজয় লাভ হলেও গণতন্ত্র প্রতিষ্ঠা লাভ করেনি। দীর্ঘ নয় মাসের রক্তক্ষয়ী যুদ্ধের মধ্যদিয়ে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠা হলেও গণতন্ত্র অধরাই রয়ে গিয়েছিল। পরবর্তীতে শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাধ্যমে এদেশে গণতন্ত্রের সূচনা হয়। মহান স্বাধীনতার ঘোষক জিয়াউর রহমান দেশের ইতিহাসে অন্যতম জনপ্রিয় রাষ্ট্রপতি হিসেবে পরিচিতি লাভ করেন। তিনি বলেন, ২০০৮, ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের জাতীয় নির্বাচন ছিল প্রহসনের নির্বাচন। এসব নির্বাচনের মাধ্যমে জনগণের গণতান্ত্রিক অধিকার হরণ করে দেশের গণতন্ত্রকে নস্যাৎ করা হয়েছিল। এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে বাংলাদেশে স্বৈরাচারের অবসান ঘটে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## র‍্যামন ম্যাগসাইসাই পুরস্কার পেলেন বাংলাদেশের রুনা খান

'এশিয়ার নোবেল' হিসেবে পরিচিত র‍্যামন ম্যাগসাইসাই পুরস্কার পেয়েছেন বাংলাদেশের রুনা খান। তিনি বেসরকারি সংস্থা 'ফ্রেন্ডশিপ'-এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক। প্রান্তিক জনগোষ্ঠীর জন্য স্থানীয়ভাবে পরিচালিত উন্নয়ন উদ্যোগ গড়ে তোলা ও দুই দশকের বেশি সময় ধরে কাজ করার স্বীকৃতি হিসেবে সোমবার (৩১ আগস্ট) তাকে এই পুরস্কার দেওয়া হয়েছে। রুনা খান ২০০২ সালে ফ্রেন্ডশিপ প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠানটির ওয়েবসাইটে বলা হয়েছে, ফ্রেন্ডশিপ একটি আন্তর্জাতিক সামাজিক উদ্দেশ্যভিত্তিক সংস্থা (এসপিও)। প্রতিষ্ঠানটির লক্ষ্য এমন একটি বিশ্ব গড়ে তোলা, যেখানে সবাই, বিশেষ করে যাদের কাছে পৌঁছানো কঠিন, যাদের প্রয়োজনের বিষয়টি উপেক্ষিত, তারা মর্যাদা ও আশা নিয়ে বেঁচে থাকার সমান সুযোগ পাবেন। সংস্থাটি সামাজিক সমস্যা মোকাবিলা করে। তারা যে-সব জনগোষ্ঠীর জন্য কাজ করে, তাদের স্বার্থকে সব সময় অগ্রাধিকার দেয়। ২০ বছরেরও বেশি সময় ধরে ফ্রেন্ডশিপের লক্ষ্য প্রায় অপরিবর্তিত রয়েছে। গুরুত্বপূর্ণ সেবা থেকে বঞ্চিত হওয়া, পরিবেশগত সংকট, চরম দারিদ্র্য, বৈষম্য ও অবিচারের

মতো ক্রমবর্ধমান বৈশ্বিক চ্যালেঞ্জের মুখে প্রতিষ্ঠানটির এই লক্ষ্য এখন আগের যে-কোনো সময়ের চেয়ে বেশি প্রাসঙ্গিক। 'ফ্রেন্ডশিপ'-এর এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, দুই দশকের বেশি সময় ধরে প্রান্তিক জনগোষ্ঠীর জন্য সমন্বিত, সামগ্রিক ও স্থানীয় বাস্তবতাভিত্তিক উন্নয়ন সমাধান গড়ে তোলায় নেতৃত্ব, সাহস ও মানবিক দৃষ্টিভঙ্গির স্বীকৃতি হিসেবে রুনা খান এ সম্মাননা পেলেন। পুরস্কার পাওয়ার প্রতিক্রিয়ায় রুনা খান বলেছেন, তিনি গভীর আনন্দ ও বিনয়ের সঙ্গে র‍্যামন ম্যাগসাইসাই অ্যাওয়ার্ড গ্রহণ করছেন। এই স্বীকৃতি একই সঙ্গে একটি বড় দায়িত্ব।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকটে ইন্টারনেট সেবায় বিপর্যয় নামার শঙ্কা

দেশে চলমান গ্যাস ও বিদ্যুৎ সংকট দীর্ঘায়িত হলে এর বিরূপ প্রভাব শিল্প-কারখানা, ব্যবসা-বাণিজ্য ও জনজীবনের পাশাপাশি দেশের ডিজিটাল অবকাঠামো ও ইন্টারনেট সেবাতেও পড়তে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছে বাংলাদেশ মুঠোফোন গ্রাহক অ্যাসোসিয়েশন। সোমবার (৩১ আগস্ট) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে সংগঠনটির সভাপতি মহিউদ্দিন আহমেদ এ আশঙ্কা প্রকাশ করেন। তিনি বলেন, ইন্টারনেট এখন আর মানুষের বিলাসিতা নয়। শিক্ষা, চিকিৎসা, ব্যাংকিং, সরকারি সেবা, ব্যবসা-বাণিজ্য, গণমাধ্যম, যোগাযোগ ও কর্মসংস্থানের অন্যতম প্রধান অবকাঠামো এটি। অথচ এই গুরুত্বপূর্ণ সেবা বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল। মহিউদ্দিন আহমেদ বলেন, বিদ্যুৎ ও জ্বালানি সংকট অব্যাহত থাকলে মোবাইল নেটওয়ার্ক, ব্রডব্যান্ড ইন্টারনেট, ডেটা সেন্টার, আইআইজি, আইএসপি, মোবাইল টাওয়ার ও অন্যান্য ডিজিটাল অবকাঠামো ঝুঁকির মধ্যে পড়বে। তিনি বলেন, একটি মোবাইল টাওয়ার বা ইন্টারনেট অবকাঠামো বিদ্যুৎ ছাড়া দীর্ঘ সময় সচল রাখা কঠিন। অনেক স্থানে বিকল্প হিসেবে ব্যাটারি ও জেনারেটরের ব্যবস্থা থাকলেও দীর্ঘমেয়াদি বিদ্যুৎ বিভ্রাটে এসব ব্যবস্থার সক্ষমতা সীমিত। জেনারেটর চালাতে ডিজেল বা অন্যান্য জ্বালানি প্রয়োজন হয়। ফলে বিদ্যুৎ ও জ্বালানি সংকট একসঙ্গে চললে টেলিযোগাযোগ ও ইন্টারনেট অবকাঠামোর ওপর বড়ো ধরনের চাপ তৈরি হবে। সংগঠনটির সভাপতি আরও বলেন, এরইমধ্যে বিভিন্ন এলাকায় ঘন ঘন বিদ্যুৎ আসা-যাওয়ার কারণে ইন্টারনেট সেবায় বিঘ্ন ঘটছে। বিদ্যুৎ চলে গেলে শুধু বাসাবাড়ির রাউটার বন্ধ হয় না, স্থানীয় নেটওয়ার্ক, অপটিক্যাল ফাইবারের সক্রিয় যন্ত্রপাতি, মোবাইল টাওয়ার, ব্যাকহল নেটওয়ার্কসহ বিভিন্ন ডিজিটাল অবকাঠামোও ঝুঁকিতে পড়ে। ফলে গ্রাহক সংযোগ পেলেও কাঙ্ক্ষিত গতি ও স্থিতিশীলতা পাচ্ছেন না। ইন্টারনেটের ধীরগতির জন্য শুধু মোবাইল অপারেটর বা আইএসপির ওপর দায় চাপিয়ে সমস্যার সমাধান করা যাবে না উল্লেখ করে তিনি বলেন, বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহের স্থিতিশীলতার সঙ্গে ইন্টারনেট সেবার মান সরাসরি সম্পর্কিত। তাই ইন্টারনেট অবকাঠামোকে অত্যাবশ্যকীয় সেবা হিসেবে বিবেচনা করে বিদ্যুৎ সরবরাহে বিশেষ অগ্রাধিকার দিতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## মাগুরায় শিশু হত্যা; হিটু শেখের মৃত্যুদণ্ড বহাল

মাগুরার আট বছরের শিশু ধর্ষণ ও হত্যা মামলায় বিচারিক আদালতে দেওয়া আসামি হিটু শেখের মৃত্যুদণ্ড বহাল রেখেছেন হাইকোর্ট। এ সংক্রান্ত বিষয়ে ডেথ রেফারেন্স ও আপিলের শুনানি শেষে সোমবার (৩১ আগস্ট) হাইকোর্টের বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজার সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রায় ঘোষণা করেন। মামলার প্রধান আসামি হিটু শেখকে ২০২৫ সালের ১৭ মে মৃত্যুদণ্ড দেন মাগুরার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক এম জাহিদ হাসান। রায়ে বাকি তিন আসামিকে খালাস দেওয়া হয়। ট্রাইব্যুনাল থেকে পরে মামলার যাবতীয় নথি ডেথ রেফারেন্স আকারে হাইকোর্টে আসে। ২০২৫ সালের মার্চ মাসের শুরুতে মাগুরার নিজনান্দুয়ালী গ্রামে বোনের শ্বশুরবাড়ি বেড়াতে গিয়ে এক শিশুটি ধর্ষণ ও নির্যাতনের শিকার হয়। গুরুতর আহত অবস্থায় প্রথমে তাকে মাগুরা ও ফরিদপুরের হাসপাতাল নেওয়া হয়। অবস্থার অবনতি হলে পরে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল এবং সেখান থেকে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে ভর্তি করা হয়। ১৩ মার্চ সে চিকিৎসাধীন অবস্থায় মারা যায়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## ৩ জেলায় মাঠ প্রশাসনের সমন্বয় বাড়ানোর নির্দেশ প্রতিমন্ত্রী শাহে আলমের

কুড়িগ্রাম, গাইবান্ধা ও রংপুর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি, দুর্নীতি ও মাদক নিয়ন্ত্রণ, সুশাসন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতসহ জনকল্যাণ ও উন্নয়ন কার্যক্রমে মাঠ প্রশাসনের সমন্বয় আরও জোরদারের নির্দেশ দিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। সোমবার (৩১ আগস্ট) সচিবালয়ে এক সভায় প্রতিমন্ত্রী এই নির্দেশ দেন। এর আগে, এই তিন জেলায় সরকারের কার্যক্রম সমন্বয় ও তদারকির দায়িত্ব দিয়ে গত ২৭ আগস্ট প্রজ্ঞাপন জারি করে মন্ত্রিপরিষদ বিভাগ। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সভায় তিন জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি, মাদক ও জুয়া নিয়ন্ত্রণ, নদীভাঙন, বিদ্যুৎ, স্বাস্থ্য, খাদ্য ও সার সরবরাহসহ বিভিন্ন জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সার্বিক চিত্র তুলে ধরা হয়। প্রতিমন্ত্রী সভায় অংশ নেওয়া কর্মকর্তাদের বক্তব্য শোনেন এবং বিভিন্ন বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেন। তিনি বলেন, জেলার সার্বিক উন্নয়ন ও জনকল্যাণ নিশ্চিত করতে মাঠ প্রশাসনের বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় আরও বাড়াতে হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## কিশোর গ্যাংয়ের বিস্তার ঘটেছে ফ্যাসিবাদী সরকারের সময়ে

ফ্যাসিবাদী সরকারের সময়ে কিশোর গ্যাংয়ের বিস্তার ঘটেছে বলে অভিযোগ করেছেন মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু। সোমবার (৩১ আগস্ট) ঢাকা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জেলা আইনশৃঙ্খলা কমিটির বিশেষ সভা ও মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ অভিযোগ করেন। প্রতিমন্ত্রী বলেন, এই সরকারের প্রতি জনগণের যে প্রত্যাশা রয়েছে, তা পূরণে প্রশাসন, আইন-শৃঙ্খলা বাহিনী, জনপ্রতিনিধি ও নাগরিক সমাজকে নিজ নিজ দায়িত্ব নিষ্ঠার সঙ্গে পালন করতে হবে। তিনি বলেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়ন, মাদক নিয়ন্ত্রণ এবং একটি সুস্থ সমাজ গঠনে সমন্বিত উদ্যোগ জরুরি। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## মাদকবিরোধী অভিযান; পুলিশ ঘটনাস্থল ত্যাগ করার পর গেন্ডারিয়ায় গোলাগুলি

রাজধানীর গেন্ডারিয়ায় মাদকবিরোধী অভিযান শেষে পুলিশ ঘটনাস্থল ত্যাগ করার পর গোলাগুলির ঘটনায় তিনজন গুলিবিদ্ধ হয়েছেন। তবে এ ঘটনায় কারা জড়িত বা কী কারণে গোলাগুলি হয়েছে, তা এখনো নিশ্চিত হতে পারেনি পুলিশ। ঘটনাটি মাদককেন্দ্রিক কি না, সেটিও তদন্ত হচ্ছে। রোববার (৩১ আগস্ট) ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মো. আকতার হোসেন জাগো নিউজকে এসব তথ্য জানান। তিনি বলেন, গেন্ডারিয়া থানা পুলিশ সেখানে মাদকবিরোধী অভিযান পরিচালনা করে। অভিযান শেষে পুলিশ ঘটনাস্থল ত্যাগ করার পরই গোলাগুলির ঘটনা ঘটে। পরে থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। কেন ও কী কারণে এ গোলাগুলির ঘটনা ঘটেছে জানতে চাইলে তিনি বলেন, তদন্ত চলছে, পাশাপাশি গোয়েন্দা নজরদারিও অব্যাহত রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## তেঁতুলিয়ায় ঘুরে বেড়াচ্ছেন মার্কিন রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন উত্তরের জেলা পঞ্চগড় গেছেন। সেখানে তিনি তেঁতুলিয়া উপজেলায় যান। এরপর বিভিন্ন এলাকায় ঘুরে বেড়ান, ছবি তুলেন এবং স্থানীয়দের সঙ্গে কথা বলেন। ঢাকায় মার্কিন দূতাবাসের ফেসবুক পেজে তার ছবি শেয়ার করে লেখা হয়েছে, 'Beautiful Tetulia, with the Himalayas on the horizon! তেঁতুলিয়া, তুমি সুন্দর!' এর আগে তিনি রাজশাহী ঘুরতে যান। তারপর যান ঝালকাঠির ঐতিহ্যবাহী ভীমরুলির ভাসমান পেয়ারাবাজার দেখতে। মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন ২০২৬ সালের জানুয়ারি মাসে আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রদূতের দায়িত্ব গ্রহণ করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## জামিনে বেরিয়ে খুন হলেন সিএমপির শীর্ষ দুষ্কৃতকারী 'পিচ্চি জাহেদ'

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) তালিকাভুক্ত ৩৩০ জন দুষ্কৃতকারীর মধ্যে এক নম্বরে থাকা জাহেদুল ইসলাম (৩৫) ওরফে 'পিচ্চি জাহেদকে' কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। রোববার (৩০ আগস্ট) দিবাগত রাতে সাতকানিয়া উপজেলার পুরানগড় ইউনিয়নের দক্ষিণ এলাকায় এ ঘটনা ঘটে। মোটরসাইকেলে যাওয়ার সময় পথরোধ করে মাথায় ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে তাকে গুরুতর আহত করা হয়। পরে হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, রাতে মোটরসাইকেল নিয়ে পুরানগড় ইউনিয়নের দক্ষিণ এলাকার একটি সড়ক দিয়ে যাচ্ছিলেন জাহেদ। এ সময় আগে থেকে ওঁত পেতে থাকা একদল দুর্বৃত্ত তার মোটরসাইকেলের গতিরোধ করে। পরে তাকে ঘিরে ধরে মাথায় ধারালো অস্ত্র দিয়ে উপর্যুপরি কোপানো হয়। গুরুতর আহত অবস্থায় স্থানীয় লোকজন ও পরিবারের সদস্যরা তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## জুলাই গণ-অভ্যুত্থানে হামলার মামলায় গ্রেফতার শাহজাহান ওমর

জুলাই গণ-অভ্যুত্থানকালে রাজধানীর মিরপুরে আন্দোলনকারীদের ওপর হামলা ও গুলিবর্ষণের ঘটনায় করা মামলায় সাবেক সংসদ সদস্য মুহাম্মদ শাহজাহান ওমরকে গ্রেফতার দেখানো হয়েছে। মামলার তদন্তে তার সম্পৃক্ততার বিষয়ে সাক্ষ্য-প্রমাণ পাওয়ার দাবি করে এতে তাকে গ্রেফতার দেখানোর আবেদন করে পুলিশ। সোমবার (৩১ আগস্ট) দুপুরে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মঞ্জুরুল ইসলামের আদালতে এ আবেদনের ওপর শুনানি হয়। শুনানি শেষে বিচারক মিরপুর মডেল থানার ওই মামলায় শাহজাহান ওমরকে গ্রেফতার দেখানোর আদেশ দেন। ঢাকা মহানগর আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর মুহাম্মদ শামসুদ্দোহা সুমন জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। মামলার নথি অনুযায়ী, ২০২৪ সালের ৪ আগস্ট মিরপুর সুইমিং পুল ও ফায়ার সার্ভিস সড়কে আন্দোলনে অংশ নেওয়া ছাত্র-জনতার ওপর হামলা ও গুলিবর্ষণের ঘটনা ঘটে। এ নিয়ে মামলা করা হয়। পুলিশের আবেদনে বলা হয়, মামলাটির তদন্ত করতে গিয়ে এতে শাহজাহান ওমরের সম্পৃক্ততার বিষয়ে তথ্য ও সাক্ষ্য-প্রমাণ পাওয়া গেছে। মামলার সুষ্ঠু তদন্তের স্বার্থে বর্তমানে অন্য মামলায় কারাগারে থাকা শাহজাহান ওমরকে এ মামলায় গ্রেফতার দেখানো প্রয়োজন বলে আবেদনে উল্লেখ করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## ব্যাংকের ৮২ লাখ টাকা আত্মসাৎ, ইসির কেউ জড়িত কি না খতিয়ে দেখার নির্দেশ

একজন নাগরিকের একাধিক জাতীয় পরিচয়পত্র (এনআইডি) থাকার সুযোগ নেই। অথচ নির্বাচন কমিশনের (ইসি) সার্ভারে একই ব্যক্তির নামে তিনটি ভিন্ন এনআইডি সচল থাকার তথ্য পেয়েছে একটি ব্যাংক। এসব ভিন্ন পরিচয় ব্যবহার করে ঋণ ও ক্রেডিট কার্ডের সুবিধা নিয়ে প্রায় ৮২ লাখ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে ওই ব্যক্তির বিরুদ্ধে। ঘটনাটি এক ব্যক্তির একার পক্ষে সম্ভব নয় বলে মনে করছেন আদালত। এনআইডি ব্যবস্থাপনার সঙ্গে জড়িত নির্বাচন কমিশনের কেউ এবং ঋণ অনুমোদনের সঙ্গে যুক্ত ব্যাংক কর্মকর্তাদের যোগসাজশ ছিল কি না, তা গভীরভাবে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগকে (সিআইডি)। গত ২৭ জুলাই ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. জাকির হোসাইনের আদালতে এ ঘটনায় মামলা করেন সিটি ব্যাংক পিএলসির এভিপি ও সিনিয়র ম্যানেজার সহিদ-উল-হক। আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে অভিযোগটি উত্তরা পশ্চিম থানায় এজাহার হিসেবে নথিভুক্ত করার নির্দেশ দেন। একই সঙ্গে ঘটনার সার্বিক তদন্তের দায়িত্ব সিআইডিকে দেওয়া হয়। মামলায় ঋণগ্রহীতা মো. মেহেদী হাসানকে প্রধান আসামি করা হয়েছে। তার ঋণের গ্যারান্টার মো. রফিকুল ইসলাম ও কাজী রাশেদুর রহমানকেও আসামি করা হয়েছে। পাশাপাশি নির্বাচন কমিশনের অজ্ঞাতপরিচয়ের অসাধু কর্মকর্তা-কর্মচারীদেরও আসামি করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## এইচএসসি পরীক্ষাও পেছানো হবে কি না, যা জানালেন শিক্ষামন্ত্রী

২০২৭ সালের এইচএসসি ও সমমান পরীক্ষা আগামী বছরের ৬ জুন থেকে শুরু করার ঘোষণা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয় ও বোর্ডগুলো। ঘোষণা অনুযায়ী, ১৩ জুলাইয়ের মধ্যে এইচএসসির লিখিত পরীক্ষা শেষ হওয়ার কথা। তবে সম্প্রতি এসএসসি ও সমমান পরীক্ষা পেছানোয় এইচএসসি পরীক্ষাও পেছানো হবে কি না, তা নিয়ে প্রশ্ন উঠেছে। এ নিয়ে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন কথা বলেছেন। তার ভাষ্য, 'এইচএসসি পরীক্ষা পেছানোর কোনো কারণ দেখছি না।' সোমবার (৩১ আগস্ট) সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা জানান। শিক্ষামন্ত্রী বলেন, 'আপাতত এইচএসসি পরীক্ষা পেছানোর কোনো কারণ আমরা দেখছি না। দুর্যোগ বা জাতীয় পর্যায়ে কোনো বিশেষ পরিস্থিতি তৈরি না হলে, আমাদের কাছে বর্তমানে এইচএসসি পরীক্ষা পেছানোর কোনো কারণ নেই।' তিনি বলেন, 'কারণ এইচএসসির শিক্ষার্থীদের আমরা যথেষ্ট সময় দিয়েছি। প্রায় এক বছর আগেই তাদের জানিয়ে দেওয়া হয়েছে। তারা সে অনুযায়ী প্রস্তুতি নিচ্ছে। ক্লাস ও প্রস্তুতির জন্য যথেষ্ট সময় ও সুযোগ তাদের রয়েছে। এ কারণে এইচএসসি পরীক্ষা পেছানোর কোনো কারণ নেই।' চীন সফর পরবর্তী এ সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. দাউদ মিয়া। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## আগস্টে সংঘবদ্ধ ধর্ষণ বেড়েছে ৭২ শতাংশ, বেড়েছে খুন-অপহরণ

জুলাই মাসের তুলনায় আগস্ট মাসে দেশে সংঘবদ্ধ ধর্ষণ ৭২ শতাংশ বেড়েছে বলে জানিয়েছে মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ)। এছাড়া এ মাসে ধর্ষণ, হত্যা, আত্মহত্যা, অপহরণ/নিখোঁজ হওয়ার ঘটনাও বেড়েছে বলে জানিয়েছে এমএসএফ। জুলাই ও আগস্ট মাসে দেশের মানবাধিকার লঙ্ঘনের ঘটনা পর্যালোচনা করে সোমবার (৩১ আগস্ট) এক প্রতিবেদনে এসব তথ্য জানিয়েছে এমএসএফ। প্রতিবেদনে বলা হয়েছে, জুলাই মাসের তুলনায় দেশে আগস্টে মাসে নারী ও শিশুর বিরুদ্ধে সহিংসতার ঘটনা ৩০৬টি থেকে বেড়ে ৩২৭টিতে দাঁড়িয়েছে। অর্থাৎ এক মাসে ২১টি বা ৬ দশমিক ৮ শতাংশ বৃদ্ধি পেয়েছে। নারী ও শিশু হত্যা এক মাসে ৫২টি থেকে বেড়ে ৯১টিতে উঠেছে। অর্থাৎ মাত্র এক মাসে হত্যা বেড়েছে ৩৯টি বা প্রায় ৭৫ শতাংশ। আগস্টে অনলাইন জুয়া-সংক্রান্ত ঘটনায় একজন নিহত, একজন আহত এবং চারজন আটক হয়েছে। এমএসএফ জানিয়েছে, আগস্ট মাসে জুলাইয়ের তুলনায় সংঘবদ্ধ ধর্ষণ ৭২ শতাংশ বেড়েছে। এছাড়া ধর্ষণ ও হত্যা ৬৭ শতাংশ বেড়েছে। আত্মহত্যা ৩৯ শতাংশ, অপহরণ/নিখোঁজ ৮ শতাংশ, বেআইনি সালিশ ৩৩ শতাংশ বেড়েছে। আর মাদক মামলায় আটক বেড়েছে ১২৯ শতাংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## সেপ্টেম্বরেও বাড়বে না জ্বালানি তেলের দাম

সেপ্টেম্বর মাসেও জ্বালানি তেলের দাম বাড়ছে না। সব ধরনের জ্বালানি তেলের দাম অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে সরকার। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সংশ্লিষ্ট একজন কর্মকর্তা নাম প্রকাশ না করার স্বার্থে এ তথ্য জানিয়েছেন। সব ধরনের জ্বালানি তেলের দাম অপরিবর্তিত রাখার নির্দেশনা দিয়ে সোমবারের (৩১ আগস্ট) মধ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের চেয়ারম্যানের কাছে চিঠি পাঠানো হবে বলেও জানিয়েছেন ওই কর্মকর্তা। আগামী মাসেও ভোক্তা পর্যায়ে প্রতি লিটার ডিজেলের দাম ১১৫ টাকা, অকটেন ১৪৫ টাকা, পেট্রোল ১৪০ টাকা এবং কেরোসিন ১৩৫ টাকা বহাল থাকবে। সর্বশেষ গত মাসের (জুন) ১ তারিখ থেকে ডিজেল ছাড়া অকটেন, পেট্রোল ও কেরোসিনের দাম লিটারে ৫ টাকা বাড়ায় সরকার। সেই দাম জুলাই মাসের পর আগস্ট মাসেও অপরিবর্তিত থাকে। বিশ্ববাজারে দাম কমা-বাড়ার সঙ্গে সামঞ্জস্য রেখে দেশে প্রতি মাসে ভোক্তাপর্যায়ে জ্বালানি তেলের বিক্রয়মূল্য সমন্বয় করে থাকে জ্বালানি বিভাগ। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## অসংক্রামক রোগ মোকাবিলায় তামাক নিয়ন্ত্রণে গুরুত্ব দিতে হবে

বাংলাদেশে মোট মৃত্যুর প্রায় ৭১ শতাংশই অসংক্রামক রোগজনিত। এসব রোগের অন্যতম প্রধান নিয়ামক হলো তামাকের ব্যবহার। তাই বাংলাদেশে অসংক্রামক রোগের মোকাবিলায় তামাক নিয়ন্ত্রণকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। সোমবার (৩১ আগস্ট) বিকেলে রাজধানীর সিরডাপ মিলনায়তনে এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। 'অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ এবং তামাক ও নিকোটিনের ক্ষতিকর প্রভাব থেকে ভবিষ্যৎ প্রজন্মের সুরক্ষায় করণীয়' শীর্ষক এ সেমিনার আয়োজন করে ঢাকা আহছানিয়া মিশন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, কার্যকর তামাক নিয়ন্ত্রণ ব্যতীত অসংক্রামক রোগের প্রতিরোধ সম্ভব নয়। জনস্বাস্থ্য সুরক্ষায় তামাকপণ্যের ব্যবহার হ্রাসে কার্যকর পদক্ষেপ নিতে হবে এবং তরুণ প্রজন্মকে নিকোটিন আসক্তির হাত থেকে রক্ষা করতে হবে। তিনি বলেন, বর্তমান সরকার জাতীয় বাজেটে স্বাস্থ্যখাতের উন্নয়নে সর্বোচ্চ বরাদ্দ দিয়েছে। তবে স্বাস্থ্য উন্নয়নের অন্যতম প্রধান বাধা তামাক। এ বিষয়ে সরকার অত্যন্ত সচেতন এবং তামাক নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নিতে যাচ্ছে। তিনি আরও বলেন, নির্বাচনি ইশতেহারে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসেবে তামাক নিয়ন্ত্রণ আইন অধিকতর সংশোধন ও শক্তিশালী করে ২০২৬ সালে পাস করা হয়েছে। এসময় তিনি বিশ্ব স্বাস্থ্য সংস্থার ফ্রেমওয়ার্ক কনভেনশন অন টোব্যাকো কন্ট্রোল এফসিটিসির আলোকে তামাক নিয়ন্ত্রণে আরও কার্যকর, সমন্বিত ও সময়োপযোগী পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। আহসানিয়া মিশনের তথ্য বলছে, দেশে ৩ কোটি ৭৮ লাখ মানুষ তামাকজাত দ্রব্য ব্যবহার করে। ফলে তামাকজনিত রোগে বছরে প্রায় ২ লাখ মানুষ অকালে মৃত্যুবরণ করছে, যা দৈনিক গড়ে প্রায় ৫৪৬ জন। (জাগো নিউজ ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ রিহাব)

## নিজ জেলায় পদায়ন হবেন উপ-সহকারী কৃষি কর্মকর্তারা

কৃষি বিভাগের মাঠপর্যায়ে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের (ব্লক সুপারভাইজার) নিজ জেলায় পদায়নের সিদ্ধান্ত নিয়েছে সরকার। তবে যথাসম্ভব তাদের নিজ বাড়ির একেবারে কাছাকাছি পদায়ন না করে জেলার অন্য এলাকায় দায়িত্ব দেওয়া হবে। সোমবার (৩১ আগস্ট) প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠক শেষে তথ্য অধিদফতরের (পিআইডি) সম্মেলন কক্ষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। মন্ত্রিপরিষদ সচিব বলেন, আমাদের যারা কৃষিতে কাজ করেন একদম ফিল্ড লেভেলে, যাদের আমরা ব্লক সুপারভাইজার বা মোটামুটি সহকারী কৃষি কর্মকর্তা যারা আছেন, তাদের আগের যে সিস্টেম ছিল, তাতে তারা নিজ জেলায় কাজ করতে পারতেন না। তিনি বলেন, এটা ২০২০ সাল থেকে চালু ছিল। কিন্তু এখন সরকার সিদ্ধান্ত নিয়েছে তারা নিজ জেলায় পদায়ন হবেন। যথাসম্ভব একদম ঠিক বাড়িতে হবেন না, কাছাকাছি জায়গায় থাকবেন, যেন তারা বেশি আউটপুট দিতে পারেন, বেশি সময় দিতে পারেন এবং দায়বদ্ধতা বাড়ে। এই উদ্দেশ্যে গভর্নমেন্ট এই কাজটা করেছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠপর্যায়ে উপ-সহকারী কৃষি কর্মকর্তারা নির্দিষ্ট কৃষি ব্লকে দায়িত্ব পালন করেন। কৃষকদের কৃষি প্রযুক্তি ও পরামর্শ দেওয়া, ফসল উৎপাদনের সমস্যা চিহ্নিত ও সমাধানে সহায়তা করা এবং কৃষি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়নে তারা সরাসরি কাজ করেন। এর আগে, উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিজ জেলার বাইরে পদায়নের নির্দেশনা ছিল। নতুন সিদ্ধান্তের ফলে মাঠপর্যায়ের এসব কর্মকর্তা নিজ জেলার মধ্যে দায়িত্ব পালনের সুযোগ পাবেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রুবাইয়া)

## নতুন পে-স্কেল; এমপিওভুক্ত শিক্ষকদের নিয়ে এখনো সিদ্ধান্ত হয়নি

জাতীয় বেতন স্কেল-২০২৬-এর আওতায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা আসবেন কি না, সে বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি। সোমবার (৩১ আগস্ট) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। নতুন পে-স্কেলে প্রায় পাঁচ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী অন্তর্ভুক্ত হবেন কি না? সাংবাদিকদের এমন প্রশ্নের উত্তরে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'এটা এখন বলতে পারছি না। এ সম্বন্ধে পরবর্তী সিদ্ধান্ত আসবে যখন তা হবে।'
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রুবাইয়া)

## নতুন সাবমেরিন ক্যাবলে যুক্ত হলে ইন্টারনেটের দাম কমবে ৫০ শতাংশ

আন্তর্জাতিক ব্যান্ডউইথের চাহিদা বাড়ছে দ্রুত। বিপরীতে নতুন সাবমেরিন ক্যাবল সংযোগের ক্ষেত্রে রয়েছে সিদ্ধান্তহীনতা। ফলে ইন্টারনেট ব্যবহারে বড়ো ধরনের অবকাঠামোগত সংকটের মুখে পড়তে পারে বাংলাদেশ। খাতসংশ্লিষ্টরা বলছেন, সময়মতো নতুন সক্ষমতা যুক্ত করা না গেলে আগামী দশকে দেশের ডিজিটাল অর্থনীতি ব্যান্ডউইথ ঘাটতির কারণে বড়ো বাধার মুখে পড়বে। প্রাইভেট সাবমেরিন ক্যাবলে সংযুক্ত হলে দেশের ডিজিটাল সার্বভৌমত্ব সুরক্ষিত হবে। ইন্টারনেটের দাম ৫০ শতাংশ কমে যাবে। সোমবার (৩১ আগস্ট) ঢাকার অদূরে একটি রিসোর্টে আয়োজিত 'ডিজিটাল সার্বভৌমত্ব রক্ষা ও ভবিষ্যৎ ব্যান্ডউইথ চাহিদা পূরণে নতুন সাবমেরিন ক্যাবলের প্রয়োজনীয়তা' শীর্ষক কর্মশালায় এসব তথ্য জানানো হয়। কর্মশালা আয়োজন করে টেলিকম ও টেকনোলজি রিপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (টিআরএনবি)। কর্মশালায় সংগঠনের সভাপতি মাসুদুজ্জামান রবিনের সভাপতিত্বে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক ফারুক হোসাইন। সিডিনেট কমিউনিকেশনস লিমিটেডের প্রধান নির্বাহী

কর্মকর্তা মশিউর রহমান ও মেটাকোর সাবকম লিমিটেডের প্রজেক্ট লিড মাহমুদ শাহেদ দুটি উপস্থাপনায় সাবমেরিন ক্যাবলের ইতিহাস, বাংলাদেশে আরও সাবমেরিন ক্যাবলের প্রয়োজনীয়তা, বিনিয়োগ, ডিজিটাল সার্বভৌমত্ব রক্ষা ইত্যাদি বিষয় তুলে ধরেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রুবাইয়া)

## একযোগে ১১ পুলিশ কর্মকর্তাকে বদলি

অতিরিক্ত ও সহকারী পুলিশ সুপার পদমর্যাদার ১১ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। সোমবার (৩১ আগস্ট) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির স্বাক্ষরিত পৃথক তিনটি প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। অতিরিক্ত পুলিশ সুপারদের মধ্যে টিডিএসের আরাফাতুল ইসলামকে ব্রাহ্মণবাড়িয়ায়, ব্রাহ্মণবাড়িয়ার মো. ওবায়দুর রহমানকে হাইওয়ে পুলিশে, ময়মনসিংহের মাহফুজা খাতুনকে নেত্রকোনায়, চুয়াডাঙ্গার জামাল আল নাসেরকে খুলনা রেঞ্জ ডিআইজি কার্যালয়ে, সিআইডির মো. রুহুল আমিন সরকারকে ডিএমপি, পুলিশ হেডকোয়ার্টার্সের এ এন এম সাইফুল আলম খানকে মাগুরা সদর সার্কেলে, বরগুনার এফ এম ফয়সালকে খুলনা পুলিশ ট্রেনিং সেন্টারে এবং ট্যুরিস্ট পুলিশের এ এইচ এম কামরুল ইসলামকে খাগড়াছড়ি এপিবিএন এবং বিশেষায়িত ট্রেনিং সেন্টারে বদলি করা হয়েছে। সহকারী পুলিশ সুপারদের মধ্যে ডিএমপির আবুসায়েম নয়নকে খাগড়াছড়ির মাটিরাঙ্গা সার্কেলে, ডিএমপির হাসান রাশেদ পরাগকে রাঙামাটি রাজস্থলী সার্কেলে এবং র‍্যাবের মো. আবু তাহেরকে ঢাকার টিডিএসে বদলি করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ রুবাইয়া)

## শাহজালালে সড়ক দুর্ঘটনা, বিমানবাহিনীর ৩ সদস্য নিহত

রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল এলাকায় সড়ক দুর্ঘটনায় বাংলাদেশ বিমানবাহিনীর ৩ সদস্য নিহত হয়েছেন। আরেকজন সদস্য গুরুতর আহত হয়েছেন। সোমবার (৩১ আগস্ট) রাতে একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় তারা নিহত হন। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পরিচালক লেফটেন্যান্ট কর্নেল সামি-উদ-দৌলা চৌধুরী। তিনি জানান, বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল এলাকায় একটি মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় বিমানবাহিনীর ৩ সদস্য নিহত হয়েছেন। আরেকজন সদস্য গুরুতর আহত হয়েছেন। নিহত বিমানবাহিনীর সদস্যরা হলেন- ওয়ারেন্ট অফিসার মাহমুদ, কর্পোরাল পিয়াস ও এলএসি জুবাইদুল। দুর্ঘটনা কীভাবে ঘটলো তা পরে জানানো হবে বলেও জানিয়েছেন আইএসপিআরের এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ : ৩১.০৯.২০২৬ নারগীস)

# রেডিও টুডে

## সংসদ নির্বাচন থেকে 'মাইনাস' করার অভিযোগ : আইপিইউর দ্বারস্থ আওয়ামী লীগ

ত্রয়োদশ জাতীয় সংসদ থেকে তাদের 'মাইনাস' বা দূরে সরিয়ে রাখা হয়েছে বলে আন্তর্জাতিক সংস্থা ইন্টার-পার্লামেন্টারি ইউনিয়নের মহাসচিব অ্যান্ডা ফিলিপের কাছে অভিযোগ দায়ের করেছে নিষিদ্ধ ঘোষিত বাংলাদেশ আওয়ামী লীগ। তিনদিনের সফরে ঢাকায় আসা আইপিইউ প্রতিনিধি দল সোমবার জাতীয় সংসদ ভবন পরিদর্শন ও সরকারের উচ্চপর্যায়ের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হলে এ তথ্য সামনে আসে। সাবেক সরকারি দল আওয়ামী লীগের পক্ষ থেকে আন্তর্জাতিক এই সংস্থার কাছে অভিযোগ জমা দেওয়ার বিষয়ে তথ্য উঠে এসেছে। বিরোধীদলীয় সংসদ সদস্য আকতার হোসেন ব্রিফিংয়ে আইপিইউ প্রতিনিধি দলের উদ্ধৃতি দিয়ে বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকাকালে আইপিইউর কাছে সবসময় দেশে সংসদীয় গণতন্ত্র বহাল থাকার মিথ্যা তথ্য উপস্থাপন করত। কিন্তু বর্তমানে দেশ ছেড়ে পালিয়ে যাওয়ার পর তারা উল্টো অভিযোগ করে বলছে যে, আওয়ামী লীগকে বাদ দিয়েই বা 'মাইনাস' করেই ত্রয়োদশ জাতীয় সংসদ গঠন করা হয়েছে। জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম ও বিরোধীদলীয় সংসদ সদস্য আকতার হোসেন যৌথ ব্রিফিংয়ে বলেন, ক্ষমতাচ্যুত দলটি আইপিইউ'কে নির্বাচন থেকে বাদ পড়ার অভিযোগ দিয়েছে। সরকারের পক্ষ থেকে নতুন সংবিধান সংস্কার, দ্বিকক্ষ বিশিষ্ট সংসদ গঠন ও বিরোধী দলের মতামতকে প্রাধান্য দেওয়ার সার্বিক চিত্র আইপিইউ প্রতিনিধি দলকে বিস্তারিতভাবে তুলে ধরা হয়েছে। আইপিইউয়ের মহাসচিব অ্যান্ডা ফিলিপের নেতৃত্বাধীন প্রতিনিধি দলের বাংলাদেশ সফরের মধ্য দিয়ে সংসদীয় কূটনীতি ও বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। সফরকালে আইপিইউ প্রতিনিধি দল সংসদ ভবন পরিদর্শন করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ আসাদ)

## ময়মনসিংহে ট্রাক-সিএনজি মুখোমুখি সংঘর্ষে নিহত ৩

ময়মনসিংহের ত্রিশালে বালিপাড়া রোডের ঠাকুরবাড়ির মোড়ে ট্রাক ও সিএনজি অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটেছে। এতে ঘটনাস্থলেই এক পুরুষ ও এক নারীসহ তিনজন নিহত হয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, সংঘর্ষে সিএনজি অটোরিকশাটি মারাত্মকভাবে দুমড়ে-মুচড়ে যায়। খবর পেয়ে উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করেছেন। ঘটনাস্থলেই নিহত হন এক নারী ও এক পুরুষ। পরে গুরুতর আহত আরেকজনকে উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। এ ঘটনায় হতাহতদের পরিচয় ও দুর্ঘটনার বিস্তারিত তথ্য তাৎক্ষণিকভাবে জানা যায়নি। ত্রিশাল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনসুর আহাম্মদ তিনজন

নিহত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নিহতদের পরিচয় এখনো শনাক্ত করা যায়নি। এ ঘটনায় ৪ জন আহত হয়েছে বলেও জানান তিনি।(রেডিও টুডে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ এলিনা)

## স্বাস্থ্যসেবায় বাংলাদেশকে ২৪ লাখ ডলারের সহায়তা যুক্তরাষ্ট্রের

বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থা শক্তিশালী করতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে ২৪ লাখ ডলারের চিকিৎসা সরঞ্জাম ও উপকরণ দিচ্ছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ২৯ কোটি ৩২ লাখ ৮০ হাজার টাকা। দেশজুড়ে মাতৃ, নবজাতক ও শিশুস্বাস্থ্যসেবা আরও শক্তিশালী করতে এসব সরঞ্জাম ও উপকরণ দেওয়া হচ্ছে। সোমবার পঞ্চগড় জেলা হাসপাতালে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন সিভিল সার্জন ডা. মো. মিজানুর রহমানের কাছে মাতৃ ও নবজাতকের স্বাস্থ্যসেবাবিষয়ক প্রশিক্ষণ মডেল হস্তান্তর করেন। এ সময় যুক্তরাষ্ট্রের এই স্বাস্থ্য সহায়তার বিষয়টি জানান। যুক্তরাষ্ট্রের দেওয়া সহায়তার মধ্যে রয়েছে নবজাতকের শরীর উষ্ণ রাখার সরঞ্জাম, শ্বাসপ্রশ্বাসে সহায়তাকারী উপকরণ, গুরুতর অপুষ্টিতে আক্রান্ত শিশুদের জন্য থেরাপিউটিক ফুড এবং টিকার কার্যকারিতা বজায় রাখতে প্রয়োজনীয় শীতল সংরক্ষণব্যবস্থার উপকরণ। যুক্তরাষ্ট্রের অর্থায়নে এফএইচআই ৩৬০, ঝিপাইগো, জেএসআই ও ইউনিসেফের মাধ্যমে এসব চিকিৎসা সরঞ্জাম ও উপকরণ দেশের বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে পৌঁছে দেওয়া হচ্ছে। দুর্গম এলাকার স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলোও এই সহায়তার আওতায় থাকবে। যুক্তরাষ্ট্র দূতাবাসের মুখপাত্র পূর্ণিমা রাইয়ের দেওয়া এক বিবৃতিতে বলা হয়, বাস্তবভিত্তিক অংশীদারত্বের মাধ্যমে বাংলাদেশের স্বাস্থ্যব্যবস্থা শক্তিশালী করা এবং স্বাস্থ্য খাতে যুক্তরাষ্ট্রের উদ্ভাবনকে এগিয়ে নেওয়ার লক্ষ্যেই এই সহায়তা দেওয়া হচ্ছে। দেশজুড়ে মানসম্মত স্বাস্থ্যসেবার সুযোগ সম্প্রসারণে বাংলাদেশ সরকারের সঙ্গে কাজ করতে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ।

(রেডিও টুডে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ এলিনা)

## সরকারি চাকরিজীবী পাবেন মোবাইল বিল, প্রতিবন্ধী সন্তান থাকলে মিলবে ভাতা

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য নতুন সুবিধা যুক্ত হচ্ছে নবম পে-স্কেলে। নতুন বেতন কাঠামোর আওতায় সব সরকারি কর্মকর্তা-কর্মচারী মোবাইল বিল পাবেন। পাশাপাশি প্রতিবন্ধী সন্তান থাকা সরকারি চাকরিজীবীদের জন্য প্রথমবারের মতো চালু হচ্ছে বিশেষ ভাতা। একজন প্রতিবন্ধী সন্তানের জন্য মাসে ৩ হাজার টাকা করে ভাতা দেওয়া হবে। সোমবার বিকেলে বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ সভাকক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে সরকারি কর্মচারীদের নবম পে-স্কেল প্রস্তাব অনুমোদন করা হয়। চলতি বছরের জুলাই থেকে নতুন বেতন কাঠামো কার্যকর হবে। অনুমোদিত নতুন পে-স্কেলে সরকারি চাকরিজীবীদের বেতন সর্বনিম্ন ১০০ শতাংশ থেকে সর্বোচ্চ ১৪২ শতাংশ পর্যন্ত বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। এটি তিন ধাপে বাস্তবায়ন করা হবে। নতুন কাঠামো অনুযায়ী, গ্রেড-১-এর মূল বেতন নির্ধারণ করা হয়েছে ১ লাখ ৫৬ হাজার টাকা। আর ২০তম গ্রেডের কর্মচারীদের মূল বেতন হবে ২০ হাজার টাকা। নবম পে-স্কেলের অন্যতম নতুন সংযোজন হচ্ছে প্রতিবন্ধী সন্তান ভাতা। কোনো সরকারি কর্মকর্তা-কর্মচারীর প্রতিবন্ধী সন্তান থাকলে তিনি প্রতি সন্তানের জন্য মাসে ৩ হাজার টাকা করে ভাতা পাবেন। সরকারি চাকরিজীবীদের জন্য এ ধরনের ভাতা এবারই প্রথম চালু হতে যাচ্ছে। এ ছাড়া সব সরকারি কর্মকর্তা-কর্মচারীর জন্য মোবাইল বিলের সুবিধাও যুক্ত করা হচ্ছে নতুন বেতন কাঠামোয়। ফলে সরকারি চাকরিজীবীদের নিয়মিত বেতন-ভাতার পাশাপাশি মোবাইল ব্যবহারের জন্যও নির্ধারিত সুবিধা পাওয়ার সুযোগ তৈরি হবে।

(রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ আসাদ)

## সংঘবদ্ধ ধর্ষণে ইউপি সদস্যসহ তিনজনের মৃত্যুদণ্ডের আদেশ

জামালপুর সদর উপজেলার রশিদপুরে বহুল এক নারীকে সংঘবদ্ধ ধর্ষণের ঘটনায় দায়ের করা আলোচিত মামলায় ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্যসহ তিন আসামিকে মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। একইসঙ্গে তাদের যাবজ্জীবন কারাদণ্ড ও অর্থদণ্ড দেওয়া হয়েছে। সোমবার (৩১ আগস্ট) দুপুরে জামালপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১-এর বিচারক মুহাম্মদ আবদুর রহিম চাঞ্চল্যকর এই মামলার রায় ঘোষণা করেন। মৃত্যুদণ্ডে দণ্ডিত আসামিরা হলেন- জামালপুর সদরের রশিদপুর ইউনিয়ন পরিষদের ছয় নম্বর ওয়ার্ডের সদস্য মো. ছাত্তার আলী, মো. আবদুল মালেক এবং মো. আনু। রায় ঘোষণার সময় সব আসামি আদালতের কাঠগড়ায় উপস্থিত ছিলেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী অ্যাডভোকেট ফজলুল হক জানান, অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বিচারক আসামিদের মৃত্যুদণ্ড ও যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেছেন। একইসঙ্গে প্রত্যেক আসামিকে এক লাখ টাকা করে জরিমানার নির্দেশ দেওয়া হয়েছে। এই অর্থ আদায় করে ভুক্তভোগী নারীকে হস্তান্তরের জন্য আদেশ দেন আদালত। নথি ও এজাহার সূত্রে জানা যায়, ২০০৪ সালের ১৯ অক্টোবর রাতে জামালপুর সদরের রশিদপুর ভাটিপাড়া এলাকায় রাত ১১টার দিকে আসামিরা ওই নারীকে মুখে গামছা বেঁধে অপহরণ করে বাড়ির পাশের একটি বাঁশঝাড়ে নিয়ে সংঘবদ্ধ ধর্ষণ করে। পরে এ ঘটনায় ওই নারী জামালপুর সদর থানায় মামলা দায়ের করেন। দীর্ঘ আইনি প্রক্রিয়া ও ১০ জন সাক্ষীর সাক্ষ্যগ্রহণ শেষে আসামিদের বিরুদ্ধে সব অভিযোগ প্রমাণিত হওয়ায় বিচারক এ রায় ঘোষণা করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ৩১.০৮.২০২৬ এলিনা)

## দেশের গণতন্ত্রকামী জনগণই বিএনপির সকল রাজনৈতিক ক্ষমতার উৎস : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, দেশের গণতন্ত্রকামী জনগণই বিএনপির সকল রাজনৈতিক ক্ষমতার উৎস। বিএনপির অপর নাম- একটি জনকল্যাণমূলক, গণতান্ত্রিক ও স্বনির্ভর বাংলাদেশ গড়ার সংগ্রাম। আগামীকাল বিএনপির ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দেওয়া এক বাণীতে আজ প্রধানমন্ত্রী তারেক রহমান এসব কথা বলেন। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দেওয়া বাণীতে প্রধানমন্ত্রী তারেক রহমান দলের সর্বস্তরের নেতাকর্মী, শুভানুধ্যায়ী এবং দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, বাংলাদেশের সবচেয়ে জনপ্রিয় রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির সাহস, সংগ্রাম, ত্যাগ আর সাফল্যের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দিনটি বাংলাদেশি মানুষের জন্য আনন্দ, উদ্দীপনা ও প্রেরণার। বাণীতে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, ১৯৭৮ সালের এই দিনে এক শুভ বিকেলে ঢাকার রমনা বটমূলের খোলা চত্বরে বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, সাবেক রাষ্ট্রপতি শহিদ জিয়াউর রহমান বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি প্রতিষ্ঠা করেছিলেন। বাংলাদেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার ইতিহাসে বিএনপির প্রতিষ্ঠা ছিল একটি যুগান্তকারী ঘটনা। তিনি বলেন, মানুষের বাকস্বাধীনতা, ব্যক্তিস্বাধীনতা এবং গণতন্ত্রের পথ রুদ্ধ করে ১৯৭৫ সালের ২৫ জানুয়ারি অভিশপ্ত একদলীয় 'বাকশাল' প্রতিষ্ঠা করা হয়েছিল। রাষ্ট্রপতি জিয়াউর রহমান রাষ্ট্র পরিচালনার দায়িত্বে এসে প্রথমেই দেশে গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা করেছিলেন। নিষিদ্ধ রাজনৈতিক দলগুলোর রাজনীতি করার অধিকার ফিরিয়ে দিয়েছিলেন। এরই ধারাবাহিকতায় সময়ের প্রয়োজনে নতুন রাজনৈতিক দল বিএনপি প্রতিষ্ঠিত হয়েছিল। ফলে, বাংলাদেশে বহুমাত্রিক গণতন্ত্রের নতুন করে পথচলা শুরু হয়। বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর এই দিনে স্বাধীনতার মহান ঘোষক, সফল রাষ্ট্রনায়ক ও আধুনিক বাংলাদেশের রূপকার শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করেন তারেক রহমান। একইসঙ্গে তিনি সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপার্সন মরহুমা বেগম খালেদা জিয়াকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন। তিনি বলেন, বেগম খালেদা জিয়া তার সম্মোহনী ব্যক্তিত্ব ও নেতৃত্ব দিয়ে বিএনপিকে বাংলাদেশের প্রতিটি ঘরে পৌঁছে দিয়েছিলেন। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, গণতন্ত্র কিংবা সুশাসন প্রতিষ্ঠাই নয়, দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায়ও জনগণকে সঙ্গে নিয়ে বিএনপি অতন্দ্র প্রহরীর ভূমিকা পালন করেছে। দেশে যতবারই স্বাধীনতা, সার্বভৌমত্ব এবং গণতন্ত্র হুমকির সম্মুখীন হয়েছে, ততবারই গণতন্ত্রকামী জনগণকে সঙ্গে নিয়ে বিএনপির নেতাকর্মী, শুভার্থী ও সমর্থকগণ অকাতরে জীবন বিলিয়ে দিয়েছেন। তিনি বলেন, দেশে গণতন্ত্র এবং সুশাসন প্রতিষ্ঠার সংগ্রামে বিএনপি প্রতিষ্ঠার পর থেকে আজ পর্যন্ত যাঁরা প্রাণোৎসর্গ করেছেন, আহত হয়েছেন, তিনি সকল পর্যায়ের সেই নেতাকর্মীর অবদানকেও গভীর শ্রদ্ধায় স্মরণ করেন। বাণীতে তিনি বলেন, দেশে যতবারই জনগণ নির্ভয়ে অবাধ এবং সুষ্ঠু নির্বাচনে ভোট দেওয়ার সুযোগ পেয়েছে, ততবারই বিএনপি রাষ্ট্র পরিচালনার সুযোগ পেয়েছে। বিভিন্ন মেয়াদে সরকার পরিচালনার সময় দেশে গণতন্ত্রকে শক্তিশালী ও প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার লক্ষ্যে সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রবর্তন, নারীশিক্ষার প্রসারসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ উদ্যোগ বিএনপি সরকারের আমলে নেওয়া হয়েছে। দেশে গণতন্ত্র সমুন্নত রাখা ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য বিএনপির উদ্যম ও উদ্যোগের ফলে দলটি দেশবাসীর কাছে এখন সর্বাধিক জনপ্রিয় রাজনৈতিক দল। তারেক রহমান বলেন, দীর্ঘ দেড় দশকের ফ্যাসিবাদী শাসন-শোষণের অবসানের পর একটি অবাধ, সুষ্ঠু এবং নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে দেশের জনগণ আবারও বিএনপিকে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব দিয়েছে। দেশের জনগণের কাছে জবাবদিহিমূলক রাষ্ট্র প্রতিষ্ঠার মাধ্যমেই বিএনপি জনগণের ভালোবাসার প্রতিদান দিতে চায়। সেই লক্ষ্যেই বাংলাদেশকে একটি জনকল্যাণমূলক রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠার জন্য বিএনপি সরকার নিরলসভাবে কাজ করে চলছে। তিনি বলেন, জনগণের আস্থা ও বিশ্বাস অক্ষুণ্ণ রেখে বিএনপির প্রতিটি নেতাকর্মী, সমর্থক ও শুভার্থী দেশমাতৃকার সেবায় নিজেদের নিবেদন করে আগামী দিনগুলোতেও বলিষ্ঠ ভূমিকা রাখবে, ইনশাআল্লাহ। বিএনপি বিশ্বাস করে, দেশের গণতন্ত্রকামী জনগণই বিএনপির সকল রাজনৈতিক ক্ষমতার উৎস। বিএনপির অপর নাম- একটি জনকল্যাণমূলক, গণতান্ত্রিক ও স্বনির্ভর বাংলাদেশ গড়ার সংগ্রাম। বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকীর এই দিনে আমি আবারও গণতন্ত্রকামী, স্বাধীনতাপ্রিয় দেশবাসীকে প্রতিষ্ঠাবার্ষিকীর শুভেচ্ছা জানাই। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১ন.০৮.২০২৬ আসাদ)

## নতুন পে-স্কেলের পর ওয়েজ বোর্ডের 'গতিবেগ বাড়বে' : মন্ত্রিপরিষদ সচিব

নতুন জাতীয় বেতন স্কেল কার্যকরের পর সাংবাদিকদের ওয়েজ বোর্ডের বিষয়টি আরও 'গতিশীল' হবে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব ড. নাসিমুল গণি। তিনি বলেন, 'ওয়েজ বোর্ডের বিষয়টি আর পড়ে থাকতে পারবে না।' সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। নতুন পে-স্কেলের প্রজ্ঞাপন কবে জারি হবে জানতে চাইলে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'এই সপ্তাহেই হয়ে যাবে ইনশাআল্লাহ। গেজেট একটা না, বেশ কয়েকটা হবে।' জাতীয় বেতন স্কেল-২০২৬-এর আওতায় এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীরা আসবেন কি না, সে বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি বলেও জানান তিনি। প্রায় পাঁচ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী নতুন বেতন স্কেলের আওতায় আসবেন কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'এ বিষয়ে পরবর্তী সময়ে সিদ্ধান্ত নেওয়া হবে।' এর আগে, মন্ত্রিসভার বৈঠকে জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুমোদন করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী, ১ জুলাই ২০২৬ থেকে ধাপে ধাপে নতুন বেতন কাঠামো বাস্তবায়ন করা হবে। ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরে পর্যায়ক্রমে মূল বেতন বাস্তবায়ন করা হবে। মন্ত্রিপরিষদ সচিব জানান, ২০২৬

সালের ১ জুলাই থেকে ২০২৭ সালের ১ জুলাইয়ের মধ্যে মূল বেতন তিন ধাপে কার্যকর হবে। বেতন-ভাতার অন্যান্য সুবিধা ২০২৮ সালের ১ জানুয়ারি থেকে একযোগে কার্যকর করার সিদ্ধান্ত হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ আসাদ)

## বাসের চাপায় ইজিবাইকের তিন যাত্রীসহ নিহত ৪

জামালপুরে বাসের চাপায় ইজিবাইকের তিন যাত্রী ও বাসের এক যাত্রী নিহত হয়েছেন। এ ঘটনায় বাসটি সড়কের পাশের খাদে পড়ে অন্তত ২০ জন আহত হয়েছেন। আহতদের জামালপুর জেনারেল হাসপাতাল ও ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সোমবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে জামালপুর-ময়মনসিংহ মহাসড়কের লাহিরীকান্দা ঈদগাহ মাঠ এলাকায় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানান, জামালপুর থেকে ঢাকাগামী রাজীব পরিবহণের একটি বাসের সঙ্গে বিপরীত দিক থেকে আসা যাত্রীবোঝাই একটি ইজিবাইকের সংঘর্ষ হয়। এতে ইজিবাইকের তিন যাত্রী ঘটনাস্থলেই মারা যান। সংঘর্ষের পর বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের খাদে পড়ে যায়। এতে বাসের অন্তত ২০ যাত্রী আহত হন। আহতদের মধ্যে একজনকে জামালপুর জেনারেল হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। জামালপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সিনিয়র স্টেশন অফিসার রবিউল ইসলাম বলেন, খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে তিনজনের মরদেহ উদ্ধার করেন। পরে হাসপাতালে নেওয়া হলে বাসের আরও এক যাত্রীর মৃত্যু হয়। আহতদের জামালপুর জেনারেল হাসপাতাল ও ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি জানান, তাৎক্ষণিকভাবে নিহতদের নাম-পরিচয় জানা যায়নি। দুর্ঘটনার কারণও তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি।
(রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ আসাদ)

## ময়মনসিংহে ট্রাক-সিএনজি মুখোমুখি সংঘর্ষে নিহত ৩

ময়মনসিংহের ত্রিশালে বালিপাড়া রোডের ঠাকুরবাড়ির মোড়ে ট্রাক ও সিএনজি অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটেছে। এতে ঘটনাস্থলেই এক পুরুষ ও এক নারীসহ তিনজন নিহত হয়েছেন। স্থানীয় সূত্রে জানা গেছে, সংঘর্ষে সিএনজি অটোরিকশাটি মারাত্মকভাবে দুমড়ে-মুচড়ে যায়। খবর পেয়ে উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করেছেন। ঘটনাস্থলেই নিহত হন এক নারী ও এক পুরুষ। পরে গুরুতর আহত আরেকজনকে উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। এ ঘটনায় হতাহতদের পরিচয় ও দুর্ঘটনার বিস্তারিত তথ্য তাৎক্ষণিকভাবে জানা যায়নি। ত্রিশাল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনসুর আহাম্মদ তিনজন নিহত হওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নিহতদের পরিচয় এখনো শনাক্ত করা যায়নি। এ ঘটনায় ৪ জন আহত হয়েছে বলেও জানান তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ আসাদ)

## এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হওয়া শিক্ষার্থীদের জন্য সুখবর

সদ্য প্রকাশিত এসএসসি ও সমমান পরীক্ষায় অকৃতকার্য হওয়া শিক্ষার্থীরা ঝরে পড়ার ঝুঁকিতে রয়েছে। তবে তাদের জন্য 'বিশেষ পলিসি' করা হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা ড. মাহদী আমিন। তিনি বলেন, 'আগের সরকার এসব অকৃতকার্য শিক্ষার্থীদের নিয়ে ভাবেনি। কিন্তু আমরা তাদের জন্য বিশেষ পলিসি তৈরি করছি।' রোববার রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসস-কে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ কথা বলেন। মাহদী আমিন বলেন, 'এসব তরুণদের টেকনিক্যাল ট্রেনিং সেন্টারে স্বল্পমেয়াদি কারিগরি ও ভোকেশনাল কোর্সে যুক্ত করে কর্মসংস্থানের সুযোগ দেওয়া হবে। প্রয়োজনে তাদের উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে আর্থিক সহায়তা দেওয়া হবে।' ফলাফলে পরিবর্তন ও মূল্যায়নের স্বচ্ছতা প্রসঙ্গে মাহদী আমিন বলেন, ফ্যাসিবাদী আমলে পরিসংখ্যান ভালো দেখানোর জন্য কৃত্রিমভাবে জিপিএ-৫ এর বন্যা ভাসিয়ে দেওয়া হতো। এমনকি পরীক্ষা না দিয়েও পাশ করিয়ে দেওয়ার কালচার ছিল। আমরা সেই আত্মঘাতী পথ বন্ধ করেছি। এবার কোনো গ্রেস নম্বর দেওয়া হয়নি। শিক্ষার্থীরা শতভাগ নিরপেক্ষ ও স্বচ্ছ মূল্যায়নে তাদের জিপিএ ও জেনুইন ফলাফল পেয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:৩১.০৮.২০২৬ আসাদ)

# BBC

## NEPAL RACES TO RESCUE TRAPPED WORKERS, AS FLOOD DEATH TOLL SURPASSES 900

Nepal's rescue teams, aided by Chinese and Indian experts , are racing to save more than 900 workers believed to be trapped underground at hydropower projects hit by devastating flash floods. Nepali officials said on Monday that the focus was on reaching the workers in about a dozen hydropower project tunnels blocked by mud and rock debris. The unprecedented deluge of ice, rock, mid and debris on the Nepal-Tibet border on Wednesday - caused by a glacier collapse - has killed 903 people with 4,247 missing in Nepal, its disaster authority said. The flood also wreaked havoc across the border in China's Tibet region, where at least 16 people died and 546 are missing, said Chinese authorities. Hundreds of bodies, many unidentified, have been buried in shallow graves as they began decomposing in the humid weather after being swept down the mountains by the torrent. At

a hospital in the capital of Kathmandu, morgues have reached capacity and families are flocking to other hospitals in hopes of finding missing loved ones. In addition to the 933 missing by hydropower workers, some 500 workers from the Truck and Container Association are also missing. The Red Cross has estimated that more than 90,000 people are likely to have been affected by the disaster, which China has linked to the effects of climate change. Prime Minister Balendra Shah said the flood was an "unprecedented and devastating natural disaster" and it remained challenging to compile a complete assessment of the damage. (BBC News Web Page: 31/08/26, FARUK)

**US AND IRAN TRADE STRIKES FOR FIRST TIME IN WEEKS**

Iran and the US have traded strikes after American forces attacked two rocket launchers on Larak Island in the Strait of Hormuz. The first known US strikes on Iran since late July killed two people and injured two others, according to Iran's Islamic Revolutionary Guard Corps (IRGC), which vowed "response and punishment". US Central Command (Centcom) said it took "limited precise action" after observing Iran preparing to "launch rockets and deploy sea mines into the Strait of Hormuz", according to its spokesperson. Iran said it had struck US military bases in Jordan in response, with Jordan's army saying it had intercepted eight missiles early on Monday morning. Iran's state TV also said the Iranian army had targeted an air base in the UAE with drones. However, the UAE's Ministry of Defence denied the reports that Al-Minhad Air Base had been targeted as "unfounded". The UAE did confirm it shot down a drone. (BBC News Web Page: 31/08/26, FARUK)

**ALGERIA PRESIDENT SEEKS DEATH PENALTY FOR ARSONISTS AFTER DEADLY FOREST FIRES**

Algerian President Abdelmadjid Tebboune has said he wants to reinstate the death penalty for arsonists, following a wave of forest fires that have killed at least 12 people. The president ordered the justice ministry to introduce changes to the criminal law introducing capital punishment for arsonists. Capital punishment remains in the country's penal code for some offences, but no execution has been carried out since 1993. More than 100 wildfires have been recorded in recent days in the north-east of the country, most of which have been extinguished. On Saturday, Tebboune said he did not rule out foul play. The Algerian president said necessary investigations would be carried out especially in view of the intensity of the fires. On Sunday, he gave a 15 September deadline for amendments to provide for the death sentence for anymore convicted of internationally starting a fire in forested areas. (BBC News Web Page: 31/08/26, FARUK)

**TURKIYE, SAUDI ARABIA, PAKISTAN HOLD FIRST MECCA DEFENCE PACT MEETING**

Pakistan, Saudi Arabia and Tyrkiye have formally called their new mutual-defence pact the Mecca Defence Alliance, announcing the name on Monday in Istanbul after a meeting between senior officials from the three countries. "There is a secretariat that has been established in Riyadh, and the first secretary general will be appointed amongst our Pakistani brothers," Turkish Foreign Minister Hakan Fidan said at a press conference after the talks. Fidan said the alliance was based on "international principles such as respecting the sovereignty of other states, territorial integrity and not intervening in internal affairs," and that it remained "open for the partnership and participation of any other country" in the region. The meeting came just hours after Washington and Tehran traded strikes for the first time in a month, breaking a lull in a war that now run for more than six months, after the US and Israel launched attacks on Iran on February 28.
(BBC News Web Page: 31/08/26, FARUK)

**RESCUERS SEARCH FOR 18 MISSING AFTER BOAT CAPSIZES OFF NORTHERN CYPRUS**

The search is continuing for 18 missing people the day after eight people died when a ferry capsized off the coast of Northern Cyprus. Early on Monday, the captain and eight others were brought before a judge and placed under formal arrest as three days of national mourning began, according to the official state news agency of the self-declared Turkish Republic of Northern Cyprus (TRNC). The ferry ran into trouble about midday on Sunday, shortly after leaving the northern port of Girne - also known as Kyrenia - heading for the Turkish port of Tasucu in Mersin province. It was one of several daily sea shuttle links with Turkiye. (BBC News Web Page: 31/08/26, FARUK)

**SPAIN'S SANCHEZ SAYS RUSSIA, ISRAEL SPREAD DISINFORMATION ON CEUTA CRISIS**

Spanish Prime Minister Pedro Sanchez has accused Israel and Russia of spreading and amplifying disinformation related to the mass influx of migrants to Ceuta last month, citing research by the European External Action Service (EEAS), the European Union's foreign service. "After July 30 and 31, rumours and disinformation spread on social networks linked to Russia and Israel, and to an ultra-right international that always uses migration to attack both Spain and Europe and divide it," Sanchez told Spain's Cadena Ser radio on Monday. Sanchez said it was "evident" that the two countries had used the crisis to criticize the Spanish government, as they were at odds with Madrid over its position on the wars in Ukraine and the Middle East. At least 70,000 people crossed into Spain's North African enclave from Morocco over several days in late July, triggering a Europe-wide migrant alert. (BBC News Web Page: 31/08/26, FARUK)

**GREECE SIGNS $3.5BN AIR DEFENCE DEAL WITH ISRAEL**

Greece has signed a 3.5bn defence deal with Israel to provide its first integrated "multi-layered" air defence network. Israel said the agreement, negotiated over three years, is one of the largest in the country's history. Engineer's will set up an aerial defence shield for the Greeks, integrating three Israeli systems, including the SPYDER system, produced by Rafael Advanced Defence Systems, the BARAK MX system, made by Israel Aerospace Industries and David's Sling air defence technology, an Israeli defence ministry statement said on Monday. The agreement comes as Israeli weapons exports are soaring, despite widespread criticism over its genocidal war against Palestinians in Gaza and other wars in Lebanon and Iran. (BBC News Web Page: 31/08/26, FARUK)

## :: THE END ::